

সত্যমেব জয়তে

শিক্ষা মন্ত্রক
MINISTRY OF
**EDUCATION**

# শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST)

**Bengali**/বাংলা

শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) -এর গাইডিং ডকুমেন্ট, 2023

**অনুচ্ছেদ 5.20, NEP (জাতীয় শিক্ষানীতি) 2020**

*"জেনারেল এডুকেশন কাউন্সিল (GEC) -এর তত্ত্বাবধানে এনসিইআরটি, এসসিইআরটি, বিভিন্ন স্তরের এবং অঞ্চলের শিক্ষক, শিক্ষক প্রস্তুতি ও বিকাশ বিশেষজ্ঞ প্রতিষ্ঠানগুলি, বৃত্তিমূলক শিক্ষা বিশেষজ্ঞ এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানগুলির সাথে আলোচনার মাধ্যমে 2022 সালের মধ্যে, ন্যাশানাল কাউন্সিল ফর টিচার এডুকেশন ( যা প্রফেশনাল স্ট্যান্ডার্ড সেটিং বডি বা PSSB রূপে পুনর্গঠিত হয়েছে) দ্বারা শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড ( ন্যাশানাল প্রফেশনাল স্ট্যান্ডার্ড ফর টিচার্স বা NPST) এর একটি নির্দেশিকা প্রস্তুত করা হবে। অভিজ্ঞতা ও জ্ঞানের বিভিন্ন স্তরে শিক্ষকদের প্রত্যাশিত ভূমিকা ও প্রতিটি স্তরের জন্য উপযুক্ত কর্মদক্ষতাগুলিকে এই মানদণ্ডের অন্তর্ভুক্ত করা হবে। পর্যায়ক্রমিকভাবে প্রতিটি স্তরে কর্মদক্ষতার মূল্যায়নের জন্য মানদণ্ডগুলিকেও অন্তর্ভুক্ত করা হবে। এনপিএসটি প্রাক-চাকুরি ( প্রি - সার্ভিস) শিক্ষক শিক্ষার কর্মসূচিগুলির পরিকল্পনা করবে। এরপর রাজ্যগুলি এটি গ্রহণ করতে পারবে এবং সেই অনুসারে শিক্ষকদের পেশার বিভিন্ন দিক যথা মেয়াদ, পেশাগত উন্নয়নের প্রচেষ্টা, বেতন বৃদ্ধি, পদোন্নতি এবং অন্যান্য স্বীকৃতি প্রভৃতি নির্ধারণ করবে। শিক্ষকতার পেশার সাথে একজন শিক্ষক কতদিন যুক্ত আছেন তার ওপর ভিত্তি না করে কেবলমাত্র শিক্ষকের পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার ওপর ভিত্তি করেই পদোন্নতি এবং বেতন বৃদ্ধি করা হবে। 2030 সালে, এবং এরপরে প্রতি দশ বছর অন্তর, এই শিক্ষাব্যবস্থার কার্যকারিতার একটি দৃঢ় গবেষণামূলক বিশ্লেষণের ওপর ভিত্তি করে পেশাগত মানদণ্ডগুলির সংশোধন বা পুনর্গঠন করা হবে।"*

*"একটি উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান বলতে সেইসব প্রতিষ্ঠানকে বোঝায় যেখানে প্রতিটি শিক্ষার্থীকে সাদর অভ্যর্থনা জানানো হয়, তাদের যত্ন নেওয়া হয়, যেখানে শিক্ষার্থীদের সুরক্ষিত এবং অনুপ্রেরণা প্রদানকারী পরিবেশ প্রদান করা হয়, যেখানে শেখার বা জানার সুযোগ অপরিসীম, যেখানে শিক্ষাগ্রহণের সহায়ক একটি বলিষ্ঠ পরিকাঠামো এবং উপযুক্ত সংস্থান উপলব্ধ রয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানেরই উপরিল্লিখিত বৈশিষ্ট্যগুলি থাকা বাঞ্ছনীয়। এর সাথেই, বিভিন্ন প্রতিষ্ঠান তথা শিক্ষার প্রতিটি স্তরের মধ্যে একটি নিরবচ্ছিন্ন ঐক্য এবং সমন্বয়সাধন করাও আবশ্যক।"*

*"A good education institution is one in which every student feels welcomed and cared for, where a safe and stimulating learning environment exists, where a wide range of learning experiences are offered, and where good physical infrastructure and appropriate resources conducive to learning are available to all students. Attaining these qualities must be the goal of every educational institution. However, at the same time, there must also be seamless integration and coordination across institutions and across all stages of education".*

**Dharmendra Pradhan**
Hon'ble Education Minister;
Skill Development and
Entrepreneurship
Government of India
Shastri Bhawan
New Delhi-110001

सत्यमेव जयते

**ধর্মেন্দ্র প্রধান**
মাননীয় শিক্ষা মন্ত্রী;
দক্ষতা উন্নয়ন এবং উদ্যোক্তা
ভারত সরকার,
শাস্ত্রী ভবন
নিউ দিল্লি - 110001



## বার্তা

জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 শ্রেষ্ঠত্ব অর্জনের লক্ষ্যে জাতির শিক্ষাগত বিকাশের পথ প্রদর্শন করে। অগ্রগতিমূলক চিন্তন পদ্ধতির মাধ্যমে, শিক্ষক শিক্ষার পথ প্রশস্ত করা হয় যা শুধুমাত্র জ্ঞানই প্রদান করে না বরং শিক্ষার জন্য উৎসাহ প্রদান করে, বুদ্ধিদীপ্ত চিন্তন এবং সৃজনশীলতার ন্যায় সেই সকল গুণাবলীর বিকাশ ঘটায় যা একবিংশ শতাব্দীর সমস্ত সমস্যা এবং সুযোগের জন্য শিক্ষকদের প্রস্তুত করার জন্য অপরিহার্য।

শিক্ষার্থীদের চিন্তাধারাকে সঠিক পথে চালিত করার ক্ষেত্রে শিক্ষকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং সেইজন্য এই শিক্ষানীতিতে, প্রয়োজনীয় সরঞ্জাম এবং সঠিক জ্ঞান প্রদানের মাধ্যমে শিক্ষকদের সক্ষম করাকেই সর্বশ্রেষ্ঠ পন্থা বলে মনে করা হয়েছে। কার্যকরী শিক্ষাপদ্ধতির জন্য প্রত্যাশিত এবং শিক্ষকদের পেশাগত মানদণ্ড সম্বন্ধীয় নির্দেশিকাগুলির সঠিক ব্যবহারের মাধ্যমে শিক্ষার গুণগত মান সুনিশ্চিত করার উদ্দেশ্যে শিক্ষকদের জন্য পেশাগত মানদণ্ড অপরিহার্য। এই মানদণ্ডগুলি শিক্ষকদের দক্ষতা, জ্ঞান এবং কর্মক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE) তৈরি করেছে শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) গাইডিং ডকুমেন্ট যা বিভিন্ন স্তরে শিক্ষকের ভূমিকার অন্তর্নিহিত প্রত্যাশিত দায়িত্ব ও দক্ষতা নির্দেশক নীতিগুলির একটি সংকলন হিসাবে যা দক্ষতার এবং একটি পেশাদার কর্মজীবনের বিভিন্ন পর্যায়ে এইভাবে একটি দক্ষ এবং গতিশীল শিক্ষণ শক্তি গড়ে তোলার জন্য একটি মানদণ্ডের ভূমিকা পালন করে।

আমি নিশ্চিত যে, নিরলস প্রচেষ্টার মাধ্যমে, আমাদের দেশের শিক্ষাব্যবস্থার একটি ইতিবাচক পরিবর্তন ঘটবে যার ফলে আমাদের ভবিষ্যত প্রজন্ম উপকৃত হবে।

**ধর্মেন্দ্র প্রধান**

## বার্তা



**অন্নপূর্ণা দেবী**

**মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রী,**
**শিক্ষা মন্ত্রক,**
**ভারত সরকার**

শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) শিক্ষকতার পেশাটিকে উন্নত করার জন্য এবং সকলের জন্য গুণমানসম্মত শিক্ষা সুনিশ্চিত করার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক স্থাপন করেছে। শিক্ষাবিদ, বিশেষজ্ঞ, বিশেষজ্ঞ সংস্থা এবং এই ক্ষেত্রের অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে বিস্তর আলোচনা, গবেষণা এবং সহযোগিতার মাধ্যমে শিক্ষকদের জাতীয় পেশাগত মানদণ্ডগুলির একটি গাইডিং ডকুমেন্ট তৈরি করা হয়েছে। এই মানদণ্ডগুলির সাহায্যে জ্ঞান, দক্ষতা এবং মনোভাব পর্যালোচনার মাধ্যমে একবিংশ শতাব্দীতে শিক্ষা ব্যবস্থার উন্নতিকরণ করা হয়। এনপিএসটি-এর গাইডিং ডকুমেন্টটি একটি বিস্তৃত কাঠামো প্রদান করে যা শুধুমাত্র শিক্ষকদের থেকে কী আশা করা হয় সে বিষয়ে সুস্পষ্ট ধারণা প্রদান করে না বরং নৈতিকতা ও নীতিতত্ত্বের ক্রমাগত উন্নতির মাধ্যমে সংস্কৃতির বিকাশসাধন করা হয়, বিষয়ভিত্তিক জ্ঞান অর্জন এবং কর্মজীবনকে মসৃণতার সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য উৎসাহ প্রদান করা হয়।

শিক্ষকদের পেশাগত মানদণ্ডগুলির বিকাশ সাধনের জন্য রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE) এবং এই কর্মযজ্ঞে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সকল ব্যক্তিকে আমি অন্তর থেকে অভিনন্দন জানাই।

---

## বার্তা



**সঞ্জয় কুমার IAS**

**সচিব**
**স্কুল শিক্ষা এবং সাক্ষরতা বিভাগ,**
**শিক্ষা মন্ত্রক,**
**ভারত সরকার**

জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 এর মাধ্যমে ভারতবর্ষে শিক্ষক শিক্ষাব্যবস্থার পুনর্গঠন করা হয়েছে। সকল শিক্ষার্থীদের একটি সার্বিক এবং উন্নতমানের শিক্ষা প্রদানের লক্ষ্যে এই শিক্ষানীতি শিক্ষকদের পেশাগত দক্ষতার বিকাশসাধনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে এবং সকল প্রকার পরিবর্তন বা সংশোধন মূলত শিক্ষকদের কথা ভেবেই করা হয়েছে। জাতীয় শিক্ষানীতির (NEP) 2020 -এর উদ্দেশ্যগুলির কথা বিবেচনা করে, রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE), শিক্ষকদের জন্য একগুচ্ছ সুপরিকল্পিত জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) স্থাপনের জন্য একটি গাইডিং বুক প্রস্তুত করেছে। বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে ক্রমাগত আলোচনা এবং তাদের সহযোগিতায়, বটম-আপ পদ্ধতি ব্যবহারের মাধ্যমে এবং বিভিন্ন স্তরে গবেষণার মাধ্যমে এই ডকুমেন্টটি তৈরি করা হয়েছে। আমি আশা করি শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে যেন গাইডিং ডকুমেন্টটি অনুঘটকরূপে কাজ করবে যা তাঁদের শিক্ষকতার সার্বজনীন মানদণ্ডে সফলভাবে উত্তীর্ণ হতে সাহায্য করবে।

আমি এনসিটিই এবং এই কর্মসূচির সাথে যুক্ত সকল স্টেকহোল্ডারদের অভিনন্দন জানাই।

## বার্তা



অধ্যাপক যোগেশ সিং

**চেয়ারপার্সন, NCTE**

**নিউ দিল্লি**

জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 -তে উন্নতমানের শিক্ষাদানের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে যা শিক্ষকদের কাজের পরিসর এবং একবিংশ শতাব্দীর উপযোগী দক্ষতাগুলিকে নির্দেশ করে৷ শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST)-এর গাইডিং ডকুমেন্টটির লক্ষ্যই হল শিক্ষার্থীদের শিক্ষাগত চাহিদা পূরণের মাধ্যমে সুদক্ষ শিক্ষকদের গড়ে তোলা৷ এনপিএসটি, সর্বোৎকৃষ্ট মানের শিক্ষা প্রদানের মাধ্যমে শিক্ষকদের কর্মক্ষেত্রে পারদর্শিতার সাথে অবতীর্ণ হওয়ার একটি মাধ্যম রূপে কাজ করে৷ এনপিএসটি -তে বর্ণিত সাধারণ মানদণ্ডগুলির মাধ্যমে শিক্ষকদের মধ্যে নৈতিক মূল্যবোধ গড়ে তোলা এবং নীতিগত বিষয়ে সম্যক ধারণা তৈরি করা, বিষয়বস্তু সম্পর্কে প্রগাঢ় জ্ঞান, পেশাগত সম্পর্ক এবং কর্মজীবনের উন্নতি ও বিকাশের প্রতি গুরুত্ব আরোপ করা হয়৷ শিক্ষকদের পেশাগত মানদণ্ডগুলির বিকাশ সাধনের জন্য রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE) এবং এই কর্মযজ্ঞে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সকল ব্যক্তিকে আমি অন্তর থেকে অভিনন্দন জানাই৷

সকলের জন্য উন্নতমানের শিক্ষাব্যবস্থা গড়ে তোলার লক্ষ্য পূরণের জন্য সকল স্টেকহোল্ডারদের সার্বিক সহযোগিতার জন্য আমি আশাবাদী৷

---

## বার্তা



কেশাং ওয়াই শেরপা IRS

**সদস্য সচিব, NCTE,**

**নিউ দিল্লি**

একটি বিধিবদ্ধ সংস্থা হিসাবে রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE) ভারতীয় শিক্ষাব্যবস্থার উন্নয়নের জন্য একাধিক উদ্যোগ নিয়েছে৷ জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 অনুসারে সুদক্ষ শিক্ষক ভারতে উন্নতমানের শিক্ষাদান এবং শিক্ষাগ্রহণের একটি অপরিহার্য অঙ্গ৷ অনুরূপভাবে, রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE) কর্তৃক শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) সংক্রান্ত একটি গাইডিং ডকুমেন্ট প্রস্তুত করা হয়েছে যা জাতীয় শিক্ষানীতি (NEP) 2020-এর 5.20 অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে৷ গাইডিং ডকুমেন্টে উল্লিখিত মানদণ্ডগুলির সাহায্যে শিক্ষকদের জন্য পেশাগত মানোন্নয়নমূলক একটি সারণী তৈরি করা হয়েছে, যার মধ্যে শিক্ষকদের কী কী বিষয়ে জ্ঞান থাকা বাঞ্ছনীয়, সমস্যার সৃষ্টি হলে কীভাবে সেগুলির সমাধান করা হবে এবং একবিংশ শতাব্দীতে শিক্ষার্থীদের চাহিদানুযায়ী শিক্ষা প্রদানের মাধ্যমে শিক্ষকদের কর্মদক্ষতা বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে৷ কর্মজীবনের বিভিন্ন পর্যায়ে দক্ষতা এবং অভিজ্ঞতা অর্জনের বিভিন্ন স্তরে একজন শিক্ষকদের কাছ থেকে কী কী প্রত্যাশা করা যায় এবং একজন শিক্ষকের কী কী গুণ থাকা আবশ্যক সেই বিষয়টিও এনপিএসটি-এর অন্তর্ভুক্ত করা হয়েছে৷

শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) সংক্রান্ত গাইডিং ডকুমেন্ট প্রবর্তন এবং পরিকল্পনা করার জন্য আমার সকল উর্ধ্বতন সহকর্মীকে এবং খসড়া কমিটির সদস্যদের আমার কৃতজ্ঞতা জানাই৷ রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE)-এর সমস্ত সদস্যদের আন্তরিক অভিনন্দন জানাই৷

# তালিকাসূচি


| ক্রমিক সংখ্যা. | বিষয়বস্তু | পৃষ্ঠা নং. |
|---|---|---|
| **1.** | **ভূমিকা** | **1** |
| **2.** | **শিক্ষকতা: একটি পেশা** | **3** |
| 2.1 | পেশা হিসাবে শিক্ষকতা | 3 |
| 2.2 | পেশাগত মানদণ্ডগুলির ধারণা | 5 |
| 2.3 | শিক্ষক এবং শিক্ষাদানের জন্য পেশাগত মানদণ্ডগুলির  তাৎপর্য | 5 |
| **3.** | **শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড ( NPST)** | **7** |
| 3.1 | এনপিএসটি -এর প্রাসঙ্গিকতা | 7 |
| 3.2 | শিক্ষকদের জন্য পেশাগত মানদণ্ডসমূহ | 8 |
| 3.3 | দক্ষতা বৃদ্ধি এবং বিকাশ | 12 |
| 3.4 | শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (ন্যাশানাল প্রফেশনাল স্ট্যান্ডার্ডস ফর টিচার্স) | 13 |
| **4.** | **শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (ন্যাশনাল প্রফেশনাল স্ট্যান্ডার্ড ফর টিচার্স /NPST)-এর রূপরেখা** | **14** |
| 4.1 | মানদণ্ড 1: মূল  মূল্যবোধ এবং নীতিশিক্ষা | 14 |
| 4.2 | মানদণ্ড  2: জ্ঞান এবং অনুশীলন | 14 |
| 4.3 | মানদণ্ড  3: পেশাগত উন্নতি এবং বিকাশ | 15 |
| **5.** | **বাস্তবায়ন** | **22** |
| 5.1 | কর্ম পরিকল্পনা | 22 |
| 5.2 | প্রযোজ্যতা | 23 |
| 5.3 | পর্যায়ক্রমিক পর্যালোচনা | 23 |
| **6.** | **এনপিএসটি -এর পরিকাঠামোর উপর ভিত্তি করে মূল্যায়ন পদ্ধতি (প্রস্তাবিত)** | **24** |
| **7.** | **এনপিএসটি -তে ন্যাশনাল সেন্টার ফর টিচার কোয়ালিটি বা এনসিটিকিউ)-এর জন্য ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার প্ল্যান** | **35** |

| | | |
|---|---|---|
| **8.** | চিত্রতালিকা | **37** |
| **9.** | সংক্ষিপ্ত রুপ | **38** |
| **10.** | গ্রন্থ বিবরণী | 39 |
| **11.** | এনপিএসটি  বিশেষজ্ঞ কমিটি | **40** |

# 1 ভূমিকা

জাতীয় শিক্ষানীতি 2020 (NEP 2020) শিক্ষকদের ভারতীয় শিক্ষাব্যবস্থার মৌলিক সংশোধনের কেন্দ্রবিন্দুতে স্থান দিয়েছে। শিক্ষা একটি অবিচ্ছিন্ন প্রক্রিয়া যা প্রতিটি মানুষের জীবনকে প্রভাবিত করে এবং শিক্ষকেরা সেই নিরবচ্ছিন্ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 অনুযায়ী সকল শিক্ষার্থীকে পক্ষপাতশূন্যভাবে সর্বোৎকৃষ্ট শিক্ষাদানকে সুনিশ্চিত করার উদ্দেশ্যটি পূরণের জন্য শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) নিরন্তর কাজ করে চলেছে। এনপিএসটি সুনিশ্চিত করে যে প্রতিটি শিক্ষক যেন বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষাদানের বিষয়ে উৎসাহী হন, তাঁরা যেন উচ্চ যোগ্যতাসম্পন্ন হন এবং উন্নতমানের শিক্ষাদানের উদ্দেশ্যে নিজেদেরকে ভালোভাবে প্রস্তুত করেন। সুতরাং শিক্ষকতা পেশার প্রতি সর্বাধিক প্রতিভাশালী ব্যক্তিদের আকৃষ্ট করাই একমাত্র লক্ষ্য হওয়া উচিত।

এনপিএসটি কর্মজীবনের বিভিন্ন পর্যায়ে শিক্ষকদের দক্ষতা বা গুণগুলিকে চিহ্নিত করার প্রক্রিয়াকে সহজতর করে। এছাড়াও, এটি সকল শিক্ষকদের পঠন সংক্রান্ত বিষয়ে প্রস্তুতি, অনুশীলন এবং কার্যক্রমের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ দৃষ্টিনিক্ষেপ করে। মানদণ্ড এবং তার সাথে সম্পর্কিত নীতিগুলি এনইপি 2020-এর মূল বিষয়বস্তুর সাথে সংগতিপূর্ণ, যা সমস্ত শিক্ষাব্যবস্থাকে পরিচালনা করে এবং সকলের জন্য উচ্চমানসম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে জাতীয় শিক্ষানীতি

2020-এর নীতি উদ্যোগ পরিকল্পনাটিকে সমর্থন করে। এনপিএসটি প্রাক-চাকুরি শিক্ষক শিক্ষা কর্মসূচির রূপরেখা তৈরি করতে এবং শিক্ষকদের পেশাগত জীবনের ব্যবস্থাপনার সমস্ত দিক নির্ধারণের ক্ষেত্রেও সহায়তা প্রদান করে।

শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য যে উদ্যোগ নেওয়া হয়েছে শিক্ষার্থীরা তা থেকে উপকৃত হবে। শিক্ষকদের জন্য নির্ধারিত পেশাগত মানদণ্ডগুলি কর্মজীবনের বিভিন্ন পর্যায়ে এবং জ্ঞানের বিভিন্ন স্তরে শিক্ষকদের থেকে কী প্রত্যাশা করা হয় এবং কী কী দক্ষতার প্রয়োজন হয় তার একটি রূপরেখা তৈরি করে। 2030 সালে, এবং এরপরে প্রতি দশ বছর অন্তর, এই শিক্ষাব্যবস্থার কার্যকারিতার একটি দৃঢ় গবেষণামূলক বিশ্লেষণের ওপর ভিত্তি করে পেশাগত মানদণ্ডগুলির সংশোধন বা পুনর্গঠন করা হবে।

রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (NCTE) একটি বিধিবদ্ধ সংস্থা যা ন্যাশানাল কাউন্সিল ফর টিচার্স এডুকেশান অ্যাক্ট (NCTE Act), 1993-এর দ্বারা প্রতিষ্ঠা করা হয়েছে। এটি সমগ্র দেশব্যাপী কর্তব্যরত এবং প্রাক- চাকুরিরত উভয় প্রকার শিক্ষকদের পরিকল্পিত এবং সমন্বিত বিকাশসাধনের জন্য বাধ্যতামূলক করা হয়েছে। 2021-এর বাজেটে এনপিএসটি-কে শিক্ষা মন্ত্রক (MOE)-এর জন্য বাধ্যতামূলক হিসাবে ঘোষণা করা হয় এবং এই কাজের দায়ভার যথাযথভাবে পালন করার জন্য এনসিটিই-কে দায়িত্ব দেওয়া হয়। শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST)-এর বিভিন্ন দিকগুলি সম্পর্কে বিভিন্ন স্টেকহোল্ডারদের থেকে প্রাপ্ত পরামর্শ এবং তথ্যের ওপর ভিত্তি করে এনপিএসটি ডকুমেন্টটি প্রণয়ন করার জন্য বিশেষজ্ঞদের একটি কমিটি গঠন করা হয়েছে। ডিজিটাল কনসালটেশানের মাধ্যমে প্রাথমিক স্তরে একটি গবেষণা করা হয়েছিল, সামগ্রিক সমন্বয়ের সাথে ডকুমেন্টটি তৈরি করতে 2021 সালের এপ্রিল মাসে, MyNEP2020 পোর্টালে বটম-আপ পদ্ধতির অধীনে পরামর্শ/মতামতের জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল। এছাড়াও, প্রশ্নাবলীর মাধ্যমে বিভিন্ন ক্ষেত্র থেকে নির্বাচিত কিছু মানুষদের কাছ থেকে নির্দিষ্ট মন্তব্য/পরামর্শ লাভের জন্য দ্বিতীয় স্তরে একটি গবেষণা করা হয়েছিল।

আন্তর্জাতিক স্তরের সর্বশ্রেষ্ঠ নীতি/পদ্ধতি চিহ্নিত করতে চারটি দেশের এনপিএসটি-এর ডকুমেন্টের তুলনামূলক অধ্যয়নের মাধ্যমে একটি প্রতিবেদন তৈরি করা হয়েছিল। বিশেষজ্ঞ কমিটি কর্তৃক একাধিক আলোচনা এবং সংস্করণের মাধ্যমে জনসাধারণ দ্বারা পুনর্মূল্যায়নের জন্য

এনপিএসটি-এর একটি প্রারম্ভিক খসড়া তৈরি করা হয়েছে যা 17ই নভেম্বর 2021 সালে এনসিটিই-এর ওয়েবসাইট এবং MyGov পোর্টালে প্রকাশ করা হয়। এছাড়া, প্রাথমিক স্তরের কার্যনির্বাহকদের থেকে এনপিএসটি-এর প্রারম্ভিক খসড়া সম্পর্কে মতামত বা পরামর্শ সংগ্রহ করার জন্য সারা দেশব্যাপী শিক্ষাবিদ, শিক্ষা প্রশাসক, স্কুল, বিশ্ববিদ্যালয়, শিক্ষক শিক্ষিকা, এসসিইআরটি, ডিআইইটি, অধ্যক্ষ, শিক্ষক, এনজিও এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে 15 টি ওপেন হাউস ডিসকাশন করা হয়েছিল।

একই সাথে, প্রাথমিক খসড়ার বর্ণনা সম্পর্কে মতামত সংগ্রহের জন্য এবং এনপিএসটি -এর ডকুমেন্টে উল্লিখিত দক্ষতা বৃদ্ধি বা উন্নয়ন সংক্রান্ত মূল্যায়ন পদ্ধতির জন্য পরামর্শ লাভের উদ্দেশ্যে সমগ্র দেশের শিক্ষক, অধ্যক্ষ, ডিআইইটি, এসসিইআরটি-দের নিয়ে 5টি অভ্যন্তরীণ আলোচনা সভা (ইন-হাউস ডিসকাশন) অনুষ্ঠিত হয়েছিল। তৃতীয় পর্যায়ের গবেষণায় স্টেকহোল্ডারদের মতামতের ওপর ভিত্তি করে এনপিএসটি -এর চূড়ান্ত খসড়া তৈরি করা হয় যা 2022 সালের 29শে মার্চ এনপিএসটি-এর জন্য গঠিত কমিটির সামনে ফিল্ড ট্রায়াল ভার্সান বা পরীক্ষামূলক সংস্করণরূপে পেশ করা হয়েছিল। এনপিএসটি গাইডিং ডকুমেন্টের বাস্তবায়ন এবং তার প্রভাবের মূল্যায়ন সমগ্র দেশের 75টি কেন্দ্রীয় সরকার অধীনস্থ বিদ্যালয়ে (25 কেন্দ্রীয় বিদ্যালয় /KVS + 25 নবোদয় বিদ্যালয় /NVS + 25 CBSE) 1175 জন শিক্ষকের মধ্যে চালু করা হয়েছে।

5.20 অনুচ্ছেদে বর্ণিত এনইপি 2020-এর শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST)-এর লক্ষ্য হল সকল শিক্ষার্থীদের জন্য উন্নতমানের পক্ষপাতশূন্য একটি শিক্ষাব্যবস্থা গড়ে তোলা। এনইপি 2020 -এর লক্ষ্য হল বিদ্যালয় স্তরে এমন একটি শিক্ষাব্যবস্থা গড়ে তোলা যেখানে সকল শিক্ষার্থীদের উৎসাহী, উচ্চ যোগ্যতাসম্পন্ন, অনুপ্রাণিত, পেশাগত স্তরে প্রশিক্ষণপ্রাপ্ত, এবং দক্ষ শিক্ষক কর্তৃক পাঠদান করা হবে। এনইপি- এর এই লক্ষ্য পূরণের জন্য এনপিএসটি-সংক্রান্ত একটি গাইডিং ডকুমেন্ট প্রস্তুত করা হয়েছে যার উদ্দেশ্য হল শিক্ষক কর্মজীবন ব্যবস্থাপনা (বা টিচার কেরিয়ার ম্যানেজমেন্ট)-এর বিভিন্ন দিক এবং অন্যান্য স্বীকৃতিগুলিকে নির্ধারণ করা। এটি বিভিন্ন পর্যায়ে/স্তরে শিক্ষকদের পারদর্শিতা এবং দক্ষতা সম্পর্কে গুণগত ব্যাখ্যা প্রদান করে।

এনসিটিই-তে রাষ্ট্রীয় শিক্ষক গুণমান কেন্দ্র তথা এনসিটিকিউ নামক একটি ডিজিটাল প্ল্যাটফর্ম স্থাপন করা হয়েছে যেখানে এনপিএসটি-কে কার্যকরী করার দায়িত্বে জাতীয় ভাণ্ডার বা ন্যাশানাল রিপোজিটোরি থাকবে। এছাড়া, একাধিক রিসোর্স পার্সন/সংস্থা তৈরির জন্য স্টেকহোল্ডার/বাস্তবায়নকারী সংস্থার সক্ষমতা বৃদ্ধির কর্মসূচি গ্রহণ করা হবে।

রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের সরকার মানদণ্ডসমূহ গ্রহণ করতে পারে এবং প্রতিষ্ঠানগুলি নতুন শিক্ষণ-সম্বন্ধীয় বিদ্যালয় কাঠামো (5+3+3+4) অনুসারে শিক্ষকদের জন্য নির্ধারিত দক্ষতা অর্জনের জন্য মানদণ্ডগুলির প্রয়োগও করতে পারে।

# 2 শিক্ষকতা: একটি পেশা

## 2.1 পেশা হিসাবে শিক্ষকতা

সমগ্র পৃথিবীব্যাপী শিক্ষকতাকে মহৎ পেশাগুলির একটি হিসাবে বিবেচনা করা হয় যা সমাজের অগ্রগতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। প্রাচীনকালে, শিক্ষকরা ছিলেন সমাজের সর্বাধিক সম্মানীয় ব্যক্তি এবং সর্বোচ্চ শিক্ষিত বা বিদ্বান ব্যক্তিদেরই এই পেশার সাথে নিযুক্ত হওয়ার অনুমোদন প্রদান করা হত। শিক্ষকরাই শিক্ষাব্যবস্থার মূল কেন্দ্রবিন্দু ছিলেন এবং শিক্ষার্থীদের সর্বোত্তমভাবে জ্ঞান, দক্ষতা এবং নৈতিকতার শিক্ষাদানের জন্য তাঁদের প্রয়োজনীয়তা ছিল সর্বাধিক। শিক্ষাব্যবস্থার বিবর্তনের সঙ্গে সঙ্গে শিক্ষকদের ভূমিকারও আমূল পরিবর্তন হয়, তাই দীর্ঘমেয়াদী এবং মজবুত দেশ গঠনের উদ্দেশ্যে শিক্ষকদের গুণগত মান বৃদ্ধি করা সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজ। সামাজিক ক্রিয়াকলাপ এবং সামাজিক অনুসন্ধানের একটি অংশ হিসাবে, শিক্ষকতা একটি নৈতিক এবং মান-নির্ণায়ক অনুশীলন যার জন্য পেশাদারদের উচিত:

- শিশুদের প্রতি যত্নবান হওয়া এবং তাদের সঙ্গ উপভোগ করা, শিক্ষার্থীদের চারিত্রিক বৈচিত্র্যকে সম্মান জানানো, সামাজিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনার মাধ্যমে শিশুদের বোঝার চেষ্টা করা, তাদের চাহিদার প্রতি এবং সমস্যা সমাধানের প্রতি আরও সংবেদনশীল হয়ে ওঠা এবং শিক্ষার্থীদের মধ্যে কোনও বিভেদ না করা।

- শিক্ষণের ক্ষেত্রে শিশুদের কোনোভাবেই শিক্ষা বা জ্ঞানের নিষ্ক্রিয় গ্রহীতা মনে না করা, অর্থ অনুধাবন করার স্বাভাবিক প্রবৃত্তিকে উৎসাহিত করা, মুখস্থ বিদ্যা থেকে তাদের বিরত রাখা এবং আনন্দদায়ক, অংশগ্রহণমূলক এবং অর্থবহ শিক্ষণের ব্যবস্থা করা।

- পাঠ্যক্রম এবং পাঠ্যপুস্তকগুলিকে সমালোচনামূলকভাবে মূল্যায়ন করা এবং স্থানীয় চাহিদানুসারে পাঠ্যক্রমকে প্রাসঙ্গিক করে তোলা।

- পাঠ্যক্রমে অন্তর্নিহিত জ্ঞানকে 'প্রদত্ত' হিসাবে বিবেচনা না করা।

- খেলাধুলা, প্রকল্প, আলোচনা, মতামত আদান-প্রদান, পর্যবেক্ষণ, পরিদর্শন এবং শিক্ষণের ক্ষেত্রে তাদের অনুশীলনকে তরান্বিত করতে শিক্ষার্থী-কেন্দ্রিক, কার্যকলাপ-ভিত্তিক, অংশগ্রহণমূলক শিক্ষণের অভিজ্ঞতাগুলিকে সংগঠিত করা।

- শিক্ষার্থীদের সামাজিক এবং ব্যক্তিগত বাস্তবতার সাথে শিক্ষার সমন্বয়সাধন, শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বৈচিত্র্যকে বিবেচনা করা।

- শান্তিপূর্ণ মনোভাব, মূল্যবোধ, সাম্যবাদী জীবনধারা, সাম্য, ভ্রাতৃত্ববোধ বা সহমর্মিতা, ধর্মনিরপেক্ষতার বোধ জাগ্রত করা এবং সামাজিক পুনর্গঠনের জন্য আগ্রহ বৃদ্ধি করা।

স্টেকহোল্ডারদের সাথে আলোচনার মাধ্যমে মানদণ্ডগুলিকে সুস্পষ্ট করা এবং একটা ঐক্যমত গঠন করা নিম্নলিখিত বিষয়গুলির অবতারণা করে :

- উন্নতমানের শিক্ষণের বিভিন্ন দিকগুলি সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা এবং সেগুলির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকা।

- প্রাসঙ্গিক বিবেচনা সম্পর্কে ধারণা যা উন্নতমানের শিক্ষাপদ্ধতিকে সংশোধন করে এবং তাকে সমর্থন করে।

- শিক্ষকতার অপরিহার্য বিষয়বস্তুগুলি সম্পর্কে শিক্ষকদের সুস্পষ্ট ধারণা প্রদান করা এবং সেগুলি সম্পর্কে তাঁদের বারংবার সচেতন করা, শিক্ষার্থীকেন্দ্রিক শ্রেণিকক্ষ তৈরি করতে সচেষ্ট হওয়া এবং শিক্ষার্থীদের অন্তর্নিহিত সুপ্ত প্রতিভা, চিন্তাভাবনা সম্পর্কে সচেতন করার জন্য সঠিক পথ প্রদর্শন করা।

- শিক্ষক, উন্নতমানের শিক্ষাপদ্ধতি এবং শিক্ষকদের পেশাগত উন্নতির জন্য প্রয়োজনীয় ইকো-সিস্টেম ও এক্সো-সিস্টেমের পরিকল্পনা এবং ব্যবস্থাপনা সম্পর্কে সঠিক ধারণা থাকা।

শিক্ষার অধিকার (রাইট টু্য এডুকেশান বা RTE) আইন, 2009 -এ শিক্ষক এবং উন্নতমানের শিক্ষাপদ্ধতির প্রত্যাশিত বৈশিষ্ট্যগুলি বর্ণনা করা হয়েছে যা শিক্ষার মাধ্যমে জীবনে উন্নতিলাভের পথে অগ্রসর হওয়ার জন্য শিক্ষার্থীদের বিদ্যালয়ে ইতিবাচক শিক্ষাগত অভিজ্ঞতা লাভের বিষয়টিকে সুনিশ্চিত করে। শিক্ষার অধিকার (রাইট টু্য এডুকেশান বা RTE) আইন, 2009 অনুযায়ী শিক্ষকতার আবশ্যিক বৈশিষ্ট্যগুলি হল: ***[ধারা 29/2, শিক্ষার অধিকার (রাইট টু্য এডুকেশান বা RTE) আইন 2009]***

- গণতান্ত্রিক, ন্যায়সঙ্গত এবং শান্তিপূর্ণ সমাজ উন্নয়নের জন্য ভারতীয় সংবিধানে বর্ণিত মূল্যবোধের সঙ্গে সামঞ্জস্য বিধান করা।

- শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশসাধন করা।

- শিক্ষার্থীদের জ্ঞান, সম্ভাবনা এবং প্রতিভার বিকাশ ঘটানো।

- শিক্ষার্থীদের শারীরিক এবং মানসিক ক্ষমতার সর্বোচ্চ বিকাশ ঘটানো।

- শিশু-বান্ধব এবং শিশুকেন্দ্রিক পরিবেশে ক্রিয়াকলাপ, আবিষ্কার এবং অন্বেষণের মাধ্যমে শিক্ষা গ্রহণকে সম্ভবপর করা।

- শিক্ষার্থীদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানকে সর্বোচ্চভাবে সম্ভবপর এবং কার্যকর করে তোলা।

- ভয়-মুক্ত , মানসিক চাপ বা উদ্বেগহীন পরিবেশে শিক্ষাদানকে সুনশ্চিত করা এবং স্বাধীনভাবে মনের ভাব আদান-প্রদান করার জন্য শিক্ষার্থীদের সাহায্য করা।

- বোধশক্তি এবং সক্ষমতা উভয়ের ক্রমাগত সর্বাঙ্গীণ মূল্যায়ন করা।

প্রতিটি শিশু যাতে সম্মানের সাথে জীবনধারণ করতে পারে তার জন্য তাদের সঠিক পথে চালনা করা।

এছাড়াও, ভারতীয় সংবিধান শিক্ষাব্যবস্থাকে অন্তর্ভুক্তিমূলক করতে বিশেষভাবে সচেষ্ট যা প্রান্তিক জনগোষ্ঠী, ভাষাগত ও সাংস্কৃতিক সংখ্যালঘু গোষ্ঠী, তফশিলি জাতি, তফশিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর সম্প্রদায় এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদেরকে শিক্ষাগ্রহণের সমান অধিকারের বিষয়টিকে সুনিশ্চিতকরণকে সর্মথন করে। জাতীয় শিক্ষানীতি (NEP) 2020-তে শিক্ষার অধিকার এবং আমাদের জীবনে

শিক্ষার যে গুরুত্ব সেই দৃষ্টিভঙ্গির প্রতি গুরুত্ব আরোপ করা হয়েছে এমনকি স্কুলের বিভিন্ন স্তরে ক্লাসরুমের বৈচিত্র্য এবং শিক্ষাব্যবস্থার প্রতিও গুরুত্ব আরোপ করা হয়েছে৷

জাতীয় শিক্ষানীতি (NEP) 2020-তে শিক্ষা-সম্বন্ধীয় পাঠ্যক্রম অনুশীলনের ক্ষেত্রে শিক্ষকরা যে সমস্ত সমস্যার সম্মুখীন হন সেগুলির প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়: ***(পলিসির নীতিসমূহ)***

- শিক্ষাকে মুখস্থবিদ্যার পরিবর্তে উচ্চতর চিন্তাভাবনা, বিশ্লেষণমূলক চিন্তাধারা , অনুসন্ধিৎসা এবং একবিংশ শতাব্দীর উপযুক্ত দক্ষতাগুলিতে রূপান্তরিত করা৷
- শিক্ষাকে বহু-বিভাগীয়, গবেষণামূলক এবং প্রত্যক্ষ অভিজ্ঞতামূলক করতে হবে৷
- বহুভাষাবাদ৷
- জ্ঞানের স্বদেশীয় ধারাকে সম্মান করা এবং একীভূত করার জন্য শিক্ষার্থীদের সক্ষম করা৷

## 2.2 পেশাগত মানদণ্ডগুলির ধারণা

বিভিন্ন প্রেক্ষাপটে এবং বিভিন্ন দেশে 'মানদণ্ডকে' বিভিন্নভাবে সংজ্ঞায়িত করা হয়৷ মানদণ্ড হল পেশার ক্ষেত্রে কোন কোন বিষয়কে মূল্য দেওয়া উচিত সেই সম্পর্কিত এক প্রকার বিবৃতি যা সাধারণত শিখন বা অনুশীলনের মাধ্যমে লক্ষ্য পূরণ করার জন্য কাঙ্ক্ষিত বিষয়গুলির বর্ণনা দেয়। শিক্ষণের প্রেক্ষাপটের দিক দিয়ে বিবেচনা করলে শিক্ষণের ফলাফল হিসাবে মানদণ্ড শব্দটি ব্যবহার করা হয়, তবে পেশাগত বা জীবিকাগত দিক থেকে বিচার করলে এটি পারদর্শিতার মানদণ্ডরূপে ব্যবহার করা হয় যা কোনও একটি নির্দিষ্ট কর্মক্ষেত্রে উপযুক্ত বা দক্ষ হিসাবে গণ্য হওয়ার জন্য একজন ব্যক্তির যে বৈশিষ্ট্যগুলি থাকা বাঞ্ছনীয় বা দক্ষতার যে যে মাপকাঠি অর্জন করতে সক্ষম হওয়া উচিত তার সম্পর্কে ধারণা দেয়৷ অতঃপর, মানোন্নয়নমূলক সূচক বা মাধ্যম হিসাবে মানদণ্ড শব্দটি ব্যবহার করা হয় যার ফলে একজন ব্যক্তির পারদর্শিতা সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যায়৷ শিক্ষকতার পেশায় শিক্ষকদের কর্মদক্ষতা বৃদ্ধির মাপকাঠি হিসাবে মানদণ্ড শব্দটি ব্যবহার করা হয় যার দ্বারা উন্নতমানের শিক্ষণের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে ধারণা পাওয়া যায়৷ বিবৃতিগুলি একজন শিক্ষকের যে যে বিষয়গুলি সম্পর্কে অবগত থাকা উচিত, সর্বান্তকরণে গ্রহণ করা উচিত এবং যে যে যোগ্যতা থাকা উচিত সেগুলিকে সূচিত করে৷

## 2.3 শিক্ষক এবং শিক্ষাদানের জন্য পেশাগত মানদণ্ডগুলির তাৎপর্য

নীতি সংক্রান্ত নথিপত্রে উন্নত এবং কাঙ্ক্ষিত শিক্ষাপদ্ধতি বর্ণনা এবং শিক্ষকদের গুণ ও চারিত্রিক বৈশিষ্ট্যগুলি সুস্পষ্টভাবে বা পরোক্ষভাবে আলোচনা করা হয়েছে৷ এই ধারণাগুলি থেকে সর্ব শিক্ষা অভিযান (SSA)-এর মতো কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষাব্যবস্থার উন্নয়নমূলক কর্মসূচির সূচনার মাধ্যমে চাকুরিরত ( ইন - সার্ভিস) শিক্ষা এবং প্রশিক্ষণের লক্ষ্য সম্পর্কে জানা যায়৷ এই ধারণাগুলি শিক্ষক শিক্ষার জন্য নির্মিত জাতীয় পাঠ্যক্রমমূলক পরিকাঠামোর (ন্যাশানাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক ফর টিচার এডুকেশন বা NCFTE, 2009)-এর নির্দেশিকাগুলির মধ্যে নিহিত রয়েছে যার সাম্প্রতিক ব্যবহার, এনইপি 2020 কর্তৃক প্রস্তাবিত প্রাক-চাকুরিরত শিক্ষক শিক্ষা ( প্রি-সার্ভিস টিচার এডুকেশন) কর্মসূচিগুলির পাঠ্যক্রমমূলক পরিকাঠামোর বিকাশ এবং পরিকল্পনার ক্ষেত্রে পরিলক্ষিত হয়৷

জাতীয় শিক্ষানীতি (NEP 2020) প্রস্তাব করে যে পেশাগত মানদণ্ডগুলি নির্মিত এবং প্রতিষ্ঠিত পেশাগুলিকে পরিচালনা করবে যা দায়িত্ববোধ, নিয়ন্ত্রণ, পেশাগত বিকাশ সাধন, প্রতিটি পর্যায়ে পেশার বিভিন্ন পন্থা এবং সামাজিক উত্থানের সাথে যুক্ত। শিক্ষকদের জন্য প্রতিষ্ঠিত একগুচ্ছ পেশাগত মানদণ্ডগুলি নিম্নলিখিত বিষয়গুলিকে কার্যকর করবে :

- শিক্ষকদের কাজের প্রকৃতি বর্ণনা করা
- কাজ এবং পরিষেবা সংক্রান্ত শর্তাবলীর অবতারণা করা
- নতুনভাবে শিক্ষক শিক্ষার কার্যক্রম শুরু করা
- শিক্ষকদের নিবন্ধীকরণ
- জীবনব্যাপী শিক্ষা এবং পেশাগত উন্নয়নের পথকে বিকশিত করা
- শিক্ষকের যোগ্যতার অভিন্নতা প্রতিষ্ঠা এবং তৎপরতাকে সক্রিয় করা
- শিক্ষকদের যোগ্যতার মূল্যায়ন করা
- শিক্ষকদের অনুপ্রেরিত করতে সহায়তা করা
- শিক্ষকদের দায়িত্ব/কর্তব্য নিশ্চিত করা


নির্দিষ্ট প্রয়োগের ওপর ভিত্তি করে স্ট্যান্ডার্ড বা মানদণ্ডগুলির দিকগুলির ওপর বিভিন্নভাবে জোর দেওয়া হতে পারে; তবে, একগুচ্ছ সাধারণ মানদণ্ডগুলি, শিক্ষক এবং শিক্ষকতা বিষয়ক বিভিন্ন নীতিগুলির মধ্যে সামঞ্জস্য বিধানের বিষয়টিকে সুনিশ্চিত করবে।

# 3 শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST)

জ্ঞানের বিবর্তনের সাথে সাথে ভারতীয় শিক্ষা ব্যবস্থায় নিরন্তর পরিবর্তন হয়ে চলেছে। অতঃপর, একবিংশ শতাব্দীর চাহিদা অনুযায়ী শিক্ষাব্যবস্থার পুনর্গঠন করা খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। ভারতের জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 একবিংশ শতাব্দীর সর্বপ্রথম শিক্ষানীতি যার উদ্দেশ্যই হল আমাদের দেশের বিভিন্ন ক্রমবর্ধমান উন্নয়নগুলির আবশ্যিকতার ধারণা সম্পর্কে অবগত করা। শিক্ষকরা শিক্ষার্থীদের ভবিষ্যতের প্রকৃত রূপকার যাঁরা শিক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ার মাধ্যমে দেশের ভবিষ্যৎ গঠন করেন। সকলের জন্য একটি সার্বিক এবং উন্নতমানের শিক্ষাব্যবস্থা গড়ার লক্ষ্য পূরণের জন্য জাতীয় শিক্ষানীতি (NEP 2020) শিক্ষকদের পেশাগত যোগ্যতার উন্নয়নের দিকে বিশেষ গুরুত্ব আরোপ করেছে এবং সকল প্রকার সংস্করণের কেন্দ্রে রয়েছেন শিক্ষকরা। এই শিক্ষানীতিটি সর্বোৎকৃষ্ট এবং সর্বাপেক্ষা মেধাবী ব্যক্তিদের শিক্ষকতার সঙ্গে যুক্ত হওয়ার জন্য অনুপ্রাণিত করে এবং শিক্ষকদের যোগ্যতার উন্নয়ন করে এবং তাঁরা যাতে যথাসম্ভব কার্যকরীভাবে নিজেদের কাজটা করতে পারেন সেই বিষয়ে সহায়তা করে।

## 3.1 এনপিএসটি -এর প্রাসঙ্গিকতা

*"জেনারেল এডুকেশন কাউন্সিল (GEC) -এর তত্ত্বাবধানে এনসিইআরটি, এসসিইআরটি, বিভিন্ন স্তরের এবং অঞ্চলের শিক্ষক, শিক্ষক প্রস্তুতি ও বিকাশ বিশেষজ্ঞ প্রতিষ্ঠানগুলি, বৃত্তিমূলক শিক্ষা বিশেষজ্ঞ এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানগুলির সাথে আলোচনার মাধ্যমে 2022 সালের মধ্যে, রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ (যা প্রফেশনাল স্ট্যান্ডার্ড সেটিং বডি বা PSSB রূপে পুনর্গঠিত হয়েছে) দ্বারা শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড ( ন্যাশানাল প্রফেশনাল স্ট্যান্ডার্ড ফর টিচার্স বা NPST) এর একটি নির্দেশিকা প্রস্তুত করবে। অভিজ্ঞতা ও জ্ঞানের বিভিন্ন স্তরে শিক্ষকদের প্রত্যাশিত ভূমিকা ও প্রতিটি স্তরের জন্য উপযুক্ত কর্মদক্ষতাগুলিকে এই মানদণ্ডের অন্তর্ভুক্ত করা হবে। পর্যায়ক্রমিকভাবে প্রতিটি স্তরে কর্মদক্ষতার মূল্যায়নের জন্য মানদণ্ডগুলিকেও অন্তর্ভুক্ত করা হবে। এনপিএসটি প্রাক-চাকুরি (প্রি-সার্ভিস) শিক্ষক শিক্ষার কর্মসূচিগুলির পরিকল্পনা করবে। এরপর রাজ্যগুলি এটি গ্রহণ করতে পারবে এবং সেই অনুসারে শিক্ষকদের পেশার বিভিন্ন দিক যথা মেয়াদ, পেশাগত উন্নয়নের প্রচেষ্টা, বেতন বৃদ্ধি, পদোন্নতি এবং অন্যান্য স্বীকৃতি প্রভৃতি নির্ধারণ করবে। শিক্ষকতার পেশার সাথে একজন শিক্ষক কতদিন যুক্ত আছেন তার ওপর ভিত্তি না করে কেবলমাত্র শিক্ষকের পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার ওপর ভিত্তি করেই পদোন্নতি এবং বেতন বৃদ্ধি করা হবে। 2030 সালে, এবং এরপরে প্রতি দশ বছর অন্তর, এই শিক্ষাব্যবস্থার কার্যকারিতার একটি দৃঢ় গবেষণামূলক বিশ্লেষণের ওপর ভিত্তি করে পেশাগত মানদণ্ডগুলির সংশোধন বা পুনর্গঠন করা হবে।" [অনুচ্ছেদ 5.20, NEP 2020]*




চিত্র 1. শিক্ষক প্রস্তুতির বর্ণন

**3.1.1 শিক্ষক শিক্ষা :**এনপিএসটি, জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 অনুযায়ী প্রাক-চাকুরি (প্রি - সার্ভিস) শিক্ষক শিক্ষা সংক্রান্ত কর্মসূচি, যেমন : - 4-বছর, 2-বছর, 1- বছরের জন্য B.Ed -এর কাঠামো সম্পর্কে সূচিত করবে।

**3.1.2 শিক্ষকের ভূমিকা সংক্রান্ত ব্যবস্থাপনা:** প্রতিটি পর্যায়ের জন্য যে ধরনের পেশাগত দক্ষতা, পারদর্শিতার প্রয়োজন হয় শিক্ষক শিক্ষা কর্মসূচিতে শিক্ষকদের ভূমিকা সংক্রান্ত বিষয়টির কথা মাথায় রেখেই এই মানদণ্ডগুলি স্থির করা হয়েছে। প্রতিটি পর্যায়ে দক্ষতা মূল্যায়নের জন্য এনপিএসটি-এর নির্দিষ্ট মানদণ্ড থাকবে।

**3.1.3 শিক্ষকের পেশাগত ব্যবস্থাপনা:** শিক্ষকের শিক্ষকতা পেশাগত ব্যবস্থাপনার সমস্ত বিষয়গুলি যেমন - শিক্ষকতার মেয়াদ, পেশাগত উন্নয়নের প্রয়াস, বেতন বৃদ্ধি , পদোন্নতি এবং অন্যান্য স্বীকৃতিগুলিকে এর অন্তর্ভুক্ত করা হয়েছে।

**3.1.4 শিক্ষকের পেশাগত মানোন্নয়ন:** নিজেদের আরও উন্নত করার জন্য এবং পেশা সংক্রান্ত সাম্প্রতিকতম উদ্ভাবন এবং বিষয়গুলি সম্পর্কে জ্ঞানলাভ করার জন্য শিক্ষকদের ক্রমগাত একাধিক সুযোগ সুবিধা প্রদান করা হবে।

এনইপি 2020 অনুযায়ী, শিক্ষক প্রস্তুতি হল এমন একটি কর্মসূচি যেখানে বহুবিভাগীয় দৃষ্টিভঙ্গি এবং জ্ঞান, স্বাভাবিক প্রবণতা এবং মূল্যবোধ গঠন, পরামর্শদাতাদের তত্ত্বাবধানে শিক্ষাপদ্ধতির উন্নয়ন বাঞ্ছনীয়। এই কর্মসূচি অনুসারে শিক্ষকদের মধ্যে ভারতীয় মূল্যবোধ, ভাষাগত দক্ষতা, জ্ঞান, নৈতিক শিক্ষা এবং সংস্কৃতি সম্পর্কে বাস্তবিক জ্ঞান থাকা বাঞ্ছনীয়। এছাড়াও শিক্ষণ পদ্ধতি এবং শিক্ষা - সম্বন্ধীয় সাম্প্রতিকতম বিষয়গুলি সম্পর্কে যথেষ্ট দক্ষতা অর্জন করতে হবে। এনপিএসটি হল জনসাধারণের উদ্দেশ্যে নির্মিত একটি বিবৃতি যা শিক্ষকতার গুণগত মান গঠনকারী বিষয়গুলি এবং ভারতের শিক্ষার্থীদের শিক্ষাগত পরিণতি বা ফলাফলে বিকাশ সাধনের জন্য অপরিহার্য বিষয়গুলি সম্পর্কে ব্যাখ্যা প্রদান করে। এই মানদণ্ডগুলি বলতে একগুচ্ছ নির্দেশক বিবৃতিকে বোঝায় যা দক্ষতা এবং পেশার বিভিন্ন পর্যায়ে একজন শিক্ষকের প্রত্যাশিত ভূমিকাগুলিকে চিহ্নিত করে। এছাড়া মানদণ্ডগুলি কার্যকরী শিক্ষাপদ্ধতি কী এবং একবিংশ শতাব্দীর বিদ্যালয়গুলিতে শিক্ষক হিসাবে কাজ করার জন্য শিক্ষকতার প্রতিটি পর্যায়ে একজন শিক্ষককের কী কী দক্ষতা থাকা প্রয়োজন সেই বিষয়েও আলোকপাত করে।

## 3.2 শিক্ষকদের জন্য পেশাগত মানদণ্ডসমূহ

শিক্ষকদের জন্য পেশাগত মানদণ্ডগুলি সুদক্ষ শিক্ষক এবং উন্নত শিক্ষাপদ্ধতি সংক্রান্ত সুস্পষ্ট এবং পরোক্ষ বিষয়গুলির ওপর ভিত্তি করে নির্ধারণ করা হয়েছে। এছাড়াও, এটি ভারতে শিক্ষক এবং শিক্ষাপদ্ধতির পুনর্গঠন সংক্রান্ত গবেষণার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে এবং অনুরূপ প্রেক্ষাপটে এটি শিক্ষক ও শিক্ষাপদ্ধতির বৈশিষ্ট্যগুলি বর্ণনা করার জন্য এবং তার মূল্যায়নের জন্য গৃহীত উদ্যাগগুলি সম্পর্কে ধারণা প্রদান করে।

### a) পারদর্শিতা

শিক্ষকদের পেশাগত মানদণ্ডগুলিকে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে শিক্ষকতার অপরিহার্য অঙ্গ রূপে বিবেচিত পারদর্শিতা বা কর্মদক্ষতাগুলির জন্য নির্ধারিত একগুচ্ছ সাধারণ মূল মানদণ্ডের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। পারদর্শিতা বলতে এখানে জ্ঞান, দক্ষতা, বোধগম্যতা, মূল্যবোধ, মনোভাব, আকাঙ্ক্ষার সংমিশ্রণকে বোঝানো হয় যা নির্দিষ্ট ক্ষেত্রে কার্যকরী, সংগঠিত মানবীয় কার্যকলাপের পথে চালিত করবে।

**b) ক্ষেত্র**

শিক্ষকের জ্ঞান এবং শিক্ষকতার ক্রমাগত অনুশীলন (প্রাক-শিক্ষকতা, শিকক্ষতাকালীন এবং শিক্ষকতা-পরবর্তী) - এই দুটি পারস্পারিক সম্পর্কযুক্ত ক্ষেত্র এবং উভয়ই প্রত্যয়, দক্ষতা, ভাববিনিময়ের দক্ষতা, পেশাগত পরিচয়, মূল্যবোধ, নৈতিকতার সাথে যুক্ত। নিম্নলিখিত তিনটি ক্ষেত্রকে মানদণ্ডরূপে শনাক্ত করা হয়েছে:

1. মূল মূল্যবোধ এবং নৈতিকতা
2. জ্ঞান এবং অনুশীলন
3. পেশাগত দক্ষতার বিকাশ এবং উন্নয়ন

**c) শিক্ষকের প্রোফাইল**

ভালো শিক্ষাপদ্ধতিতে বিকাশ ও উন্নয়নের প্রকৃতি যতটা সম্ভব নির্ধারণ করার জন্য শিক্ষাপদ্ধতিতে দক্ষতা বা পারদর্শিতার উন্নতি ও বিকাশের ধারণার অবতারণা করা হয়েছে - সেই উদ্দেশ্যে উন্নতি এবং বিকাশের জন্য আকাঙ্ক্ষা ও পন্থাগুলি নির্ধারণ করা হয়েছে, এছাড়াও শিক্ষকতার সাথে যুক্ত ব্যক্তিদের জন্য স্বীকৃত উচ্চ মানদণ্ডগুলির একটি ভিত্তি স্থাপন করা হয়েছে। এনপিএসটি দ্বারা নিম্নোক্ত তিনটি পর্যায়কে বিদ্যালয় শিক্ষার প্রতিটি স্তরে এবং বিষয়ভিত্তিক ক্ষেত্রে এবং শিক্ষাদানের দক্ষতার জন্য প্রযোজ্য হিসাবে প্রস্তাবিত করা হয়েছে। বর্ণনা সহ এই পর্যায়গুলিকে শিক্ষকরা কী কী করতে সক্ষম এবং কোন কোন ক্ষেত্রগুলিতে তাদের পক্ষে বিকাশসাধন করা সম্ভব সেই সম্পর্কে একটি বিবরণ প্রদানকারী হিসাবে ব্যবহার করা যেতে পারে। নিম্নলিখিত পর্যায়গুলিতে শিক্ষকদের দ্বারা অর্জিত দক্ষতার ওপর ভিত্তি করে শিক্ষক নিয়োগের প্রক্রিয়ায় সহায়তা প্রদান করা যেতে পারে:

1. সুদক্ষ
2. উন্নত
3. অভিজ্ঞ

এনপিএসটি একটি গাইডিং ডকুমেন্ট যা উন্নতমানের শিক্ষক প্রস্তুতি বা তৈরির কাজের সাথে যুক্ত সকল স্টেকহোল্ডারদের সাহায্য করে। এটি শিক্ষকতাকে পেশা হিসাবে বেছে নেওয়ার সিদ্ধান্ত গ্রহণের সময় থেকে শুরু করে শিক্ষকজীবনের যাত্রা সম্পূর্ণ করা পর্যন্ত শিক্ষকদের দক্ষতার বিভিন্ন পন্থাগুলির সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান করে। এই ডকুমেন্ট বা নথিটি শিক্ষক শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে সুদক্ষ শিক্ষক উদ্ভাবনের জন্য সঠিক পথে চালনা করে।

মানদণ্ডগুলিকে, শিক্ষকতার একটি নির্দিষ্ট পর্যায়ে পৌঁছানোর জন্য আবশ্যিক দক্ষতা হিসাবে সংজ্ঞায়িত এবং শ্রেণিবদ্ধ করা হয়েছে। পেশার অভীষ্ট পর্যায়ে পৌঁছানোর জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলি অর্জন করা এবং নিজেদের পারদর্শিতার পরিচয় প্রদর্শনের মাধ্যমে একজন শিক্ষক আবশ্যিক শর্তগুলিকে পূরণ করবে। একটি পর্যায়ের মান পূরণ করার পরে, একজন শিক্ষক প্রত্যয়িত হন এবং আনুষ্ঠানিকভাবে সেই পর্যায়ে অগ্রসর হন এবং শিক্ষক অর্জিত দক্ষতাগুলি শিক্ষাদান প্রক্রিয়ায় প্রয়োগ করবেন এবং পরবর্তী কর্মজীবনের পর্যায়ে দক্ষতার উপর কাজ শুরু করবেন।

শিক্ষক শিখন কর্মসূচি (টিচার এডুকেশন প্রোগ্রাম বা TEP)-তে একজন ব্যক্তির প্রবেশ করার প্রথম দিন থেকেই সফলভাবে শিক্ষকতা করার জন্য প্রস্তুতির যাত্রা শুরু হয়। এনপিএসটি, একজন শিক্ষার্থী শিক্ষকের শিক্ষকতার জন্য প্রস্তুতির প্রাথমিক স্তরে যে যে দক্ষতাগুলি অর্জন করা উচিত সেগুলির তালিকা প্রদান করে। ফলস্বরূপ, যখন কোনও ব্যক্তি শিক্ষকতার পেশায় নিযুক্ত হওয়ার সিদ্ধান্ত নেন, তখন তিনি এনসিটিই কর্তৃক স্বীকৃত TEI-তে নথিভুক্ত হন। এই প্রতিষ্ঠানটি শিক্ষার্থী শিক্ষকদের একটি পাঠ্যক্রমের ওপর শিক্ষাদান করবে যা শিক্ষকতার প্রথম পর্যায়ে পৌঁছানোর জন্য প্রয়োজনীয় দক্ষতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এই মানদণ্ডগুলি হল ন্যূনতম মানদণ্ড যা প্রি-সার্ভিস টিচার বা প্রাক - চাকুরি শিক্ষক শিখন প্রতিষ্ঠানগুলি দ্বারা পাঠ্যক্রম পরিকল্পনা এবং কর্মসূচি কার্যকর করার জন্য আবশ্যক। একজন শিক্ষার্থী শিক্ষক তাঁর প্রশিক্ষণের প্রাথমিক পর্যায়ে শিক্ষকতা এবং শিক্ষাগ্রহণের পদ্ধতিটি দক্ষতার সাথে সম্পন্ন করার জন্য কঠোর অনুশীলন এবং অভিজ্ঞ ব্যক্তিদের সহায়তার দ্বারা প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করবে এবং অপরিহার্য মূল্যবোধ ও আচরণের বিকাশ ঘটাবে।

জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 অনুযায়ী শিক্ষক হিসাবে স্কুলের প্রতিটি স্তরে যোগদান করার জন্য একজন শিক্ষার্থীকে 'টিচার এলিজিবিলিটি টেস্টে' (TET) পাস করতে হবে। অতঃপর, 'টিচার এলিজিবিটি টেস্টে' (TET) পাস করার মাধ্যমে শিক্ষার্থীদের পারদর্শিতার মূল্যায়ন করা হবে যার মাধ্যমে শিক্ষকদের যোগ্যতা যাচাই করা হবে। একবার শিক্ষক হিসাবে নিযুক্ত হওয়ার পর তাকে এনপিএসটি ভিত্তিক কর্মজীবন পর্যায়ের জন্য প্রস্তুতির দিকে পরিচালনা করা হয়। পারফরম্যান্স ইন্ডিকেটর (PI) কর্তৃক শিক্ষকের দক্ষতা বিচার করা হবে যা পেশাগত উন্নয়নের নির্দেশক হিসাবে কৃতিত্ব অনুযায়ী স্তরগুলিকে নির্দেশ করে। পর্যায়গত দিক থেকে দক্ষতা অর্জনের সর্বনিম্ন সময়কাল হল পাঁচ বছর। শিক্ষকের গুণমানের নিশ্চয়তা এবং কর্মক্ষমতা সূচকগুলিকে রাষ্ট্রীয় শিক্ষক গুণমান কেন্দ্র (NMM) প্রোগ্রামের সাথে সংযুক্ত করা হবে এবং অভিজ্ঞ শিক্ষকদের পরামর্শদাতা হিসাবে অন্তর্ভুক্ত করা হবে। বিভিন্ন ব্যক্তির মধ্যে অভিজ্ঞতা আদান-প্রদানের মাধ্যমে শিখন প্রক্রিয়াকে আরও কার্যকরী করে তোলার সুযোগ রয়েছে।

অর্জিত দক্ষতার ওপর ভিত্তি করে শিক্ষকদের নিম্নোক্ত তিনটি বিভিন্ন পর্যায়ের অন্তর্ভুক্ত করা হয় :

1. **সুদক্ষ শিক্ষক (প্রবীণ শিক্ষক):**

কর্মজীবনের এই পর্যায়ে, একজন শিক্ষকের কাছ থেকে শিক্ষণ এবং পঠনের জন্য গুরুত্বপূর্ণ দক্ষতাগুলিকে কার্যকর করার ক্ষেত্রে পেশাগতভাবে স্বতন্ত্র হওয়াই কাম্য। পেশাগত উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে এবং তাঁদের শিক্ষকতার অনুশীলনের মাধ্যমে অর্জিত জ্ঞানকে আরও কার্যকরী করার জন্য একজন সুদক্ষ বা প্রবীণ শিক্ষক ইন-স্কুল মেন্টর বা অভিজ্ঞ ব্যক্তিদের সমর্থন লাভ করবেন। স্কুল - বেসড মেন্টর বা বিদ্যালয়ভিত্তিক অভিজ্ঞ ব্যক্তিরা প্রবীণ শিক্ষকদের তাঁদের শিক্ষকতাকে আরও উন্নত করার জন্য সহায়তা করতে পারেন। অর্জিত দক্ষতাগুলিকে শিক্ষাপদ্ধতিতে প্রয়োগের ক্ষেত্রে একজন প্রবীণ শিক্ষক পারদর্শিতার সর্বোচ্চ সীমায় পৌঁছে যাওয়ার পর, পরবর্তী স্তর অর্থাৎ উন্নত শিক্ষক পর্যায়ের (অ্যাডভান্সড টিচার স্টেজ) জন্য প্রস্তুতি নিতে শুরু করবেন। পরবর্তী ধাপে যোগ্যতার সঙ্গে উত্তীর্ণ হতে এবং বিদ্যালয় শিক্ষার একই স্তরে সফলতার সাথে শিক্ষকতা করার জন্য শিক্ষক মহাশয়কে পেশাগত উন্নয়নের জন্য সমস্ত রকম সুযোগ সুবিধা প্রদান করা হবে। একজন শিক্ষক যদি পেশার পরবর্তী স্তরের জন্য প্রস্তুত থাকেন তবে তাঁর দক্ষতার মূল্যায়নের জন্য এবং উন্নত শিক্ষক পর্যায়ে ( অ্যাডভান্সড টিচার স্টেজে) উত্তীর্ণ হওয়ার জন্য তাঁকে সহায়তা করা হয়। সুদক্ষ/প্রবীণ শিক্ষকগণ শিক্ষার্থীদের জন্য উপযুক্ত পাঠ্যক্রম তৈরি , পদ্ধতি নির্বাচন , অর্থপূর্ণভাবে পাঠ্যপুস্তকের ব্যবহার, শিক্ষার্থীদের উন্নতির কথা মাথায় রেখে তাদের সাথে আলোচনা করে শিক্ষণের ব্যবস্থা

করে থাকেন। তিনি প্রতিটি শিক্ষার্থীদের প্রয়োজনের কথা মাথায় রেখে স্বতন্ত্র শিক্ষণ প্রণালী স্থির করবেন; অভিভাবক এবং বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখবেন , গণতান্ত্রিক এবং সাংবিধানিক মূল্যবোধ এবং রীতিনীতিগুলির বিকাশ সাধন করবেন।

### 2. উন্নত শিক্ষক:

কর্মজীবনের এই পর্যায়ে, একজন শিক্ষক শিক্ষণ-পঠন প্রক্রিয়া সম্পর্কিত বিষয়ে সর্বোত্তম অনুশীলনের ভিত্তিতে শিক্ষাদানের সর্বোচ্চ মানগুলিকে মূর্ত করবেন বলে আশা করা হয়। শিক্ষণ এবং পঠনমূলক বিষয়ে অত্যাবশ্যকীয় দক্ষতা প্রয়োগের ক্ষেত্রে তিনি পেশাগতভাবে সক্ষম হবেন। উন্নীত শিক্ষকরা অভিজ্ঞতার ভিত্তিতে সহকর্মীদের জন্য পরামর্শদাতা হিসাবে কাজ করবে। অধ্যক্ষ/প্রধান/উর্ধ্বতন কর্মকর্তাদের দ্বারা তাদের অনুশীলনের জন্য উন্নত শিক্ষককে পর্যবেক্ষণ করা হবে এবং সেই অনুযায়ী প্রশিক্ষণ দেওয়া হবে। উন্নীত শিক্ষক কর্মজীবনের পরবর্তী পর্যায়ে উত্তীর্ণ হওয়ার জন্য প্রস্তুত হলে, তাকে অভিজ্ঞ শিক্ষকের মর্যাদা অর্জনে নির্দেশিত করা হবে। কর্মজীবনের এই পর্যায়ে শিক্ষকগণ বৃহত্তর সংস্থা হিসাবে কীভাবে আবেদন করতে হবে, অভিযোজন করতে হবে সে বিষয়ে সচেতন থাকেন, বিষয়ভিত্তিক স্তরেও কীভাবে উন্নয়ন সম্ভব সেক্ষেত্রেও সচেতন থাকেন, দক্ষতার সাথে সমন্বয়সাধন, পাঠ্যক্রম নির্ধারণের ক্ষেত্রে নিত্যনতুন বিষয়ের সাথে অভিযোজন করতে সক্ষম হন। শিক্ষার্থীদের সক্ষমতার ওপর ভিত্তি করে পাঠ্যক্রম নির্ধারণ করতে পারেন, জীবনে চলার পথে যেসব সমস্যার সৃষ্টি হয় সেগুলি মোকাবিলা করার ক্ষমতা সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের পাঠ দান করতে সক্ষম থাকেন। শিক্ষার্থীদের উন্নতির জন্য তাৎক্ষণিক কোনো সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রেও তাঁরা সক্ষম হন, শিক্ষার্থীরা যাতে দীর্ঘমেয়াদী শিক্ষণে অংশগ্রহন করতে পারে সেই বিষয়েও সহায়তা প্রদান করে।

### 3. অভিজ্ঞ শিক্ষক (কুশল শিক্ষক):

কর্মজীবনের এই পর্যায়ে, শিক্ষকদের কাছ থেকে সর্বোচ্চ মানদণ্ডে উত্তীর্ণ হওয়ার সাথে সাথে পরামর্শদাতার ভূমিকায় অবতীর্ণ হওয়ার অসাধারণ ক্ষমতার প্রত্যাশা করা হয়ে থাকে, তাঁরা অন্যান্য শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা প্রদান করেন এবং বিদ্যালয়ের পেশাগত উন্নয়নমূলক কর্মসূচি পরিচালনার ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করে থাকেন। কর্মজীবনের এই পর্যায়ে, একজন শিক্ষক ধারাবাহিকভাবে তাঁদের শিক্ষাদান অনুশীলনে সর্বোৎকৃষ্ট মানের কর্মক্ষমতা প্রদর্শন করবেন, সহযোগিতাপূর্ণ মনোভাবের সঙ্গে কাজ করবেন এবং শিক্ষণ ও পঠনের বিষয়ে সহকর্মীদের পরামর্শ প্রদান করবেন। এছাড়া, একজন অভিজ্ঞ শিক্ষক ক্রমাগত পর্যালোচনার মাধ্যমে তাঁর দক্ষতার বিকাশসাধন করবেন এবং শিক্ষার্থীদের এবং সহকর্মীদের চাহিদানুযায়ী শিক্ষণমূলক প্রক্রিয়ায় সহায়তা প্রদান করবেন। অভিজ্ঞ/উন্নত শিক্ষকরা সহকর্মীদের সমস্যাগুলি পর্যবেক্ষণ করবেন এবং তাঁরা একই সাথে নিজেদের এবং শিক্ষার্থীদের বা সহকর্মীদের ক্রমাগত শিক্ষণের প্রতি দায়িত্বশীল হবেন। পেশার পরবর্তী পর্যায়ের দিকে অগ্রসর হওয়ার জন্য একজন উন্নত শিক্ষক অন্যদের পথ দেখাবেন। এই অভিজ্ঞ বা কুশল শিক্ষকদের পেশার পরবর্তী স্তর সংক্রান্ত দক্ষতা অর্জন এবং বৈশিষ্ট্যের বিকাশের জন্য পরিচালনা করা হয়। তাঁরা তাঁদের নিজস্ব এবং সহকর্মীদের শিক্ষকতার অনুশীলনকে আরও উন্নত করার জন্য বিদ্যালয়ে শিক্ষণ মণ্ডলীর বিকাশের মাধ্যমে একটি ব্যতিক্রমী ক্ষমতা প্রদর্শন করেন।

## 3.3 কর্মদক্ষতার উন্নয়ন এবং বিকাশসাধন

পেশাগত দিক থেকে শিক্ষকদের কর্মক্ষমতার উন্নয়ন এবং বিকাশ উভয়ই খুব গুরুত্বপূর্ণ এবং একান্ত কাঙ্ক্ষিত বিষয়। শিক্ষণমূলক পারদর্শিতার ক্ষেত্রে যেসব বিষয়ের বিকাশ এবং উন্নয়ন প্রয়োজন সেগুলি যথাক্রমে - জ্ঞান, ইতিবাচক মনোভাব, বিশ্বাস, দক্ষতা, মূল্যবোধ, বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ট ধারণা, শিক্ষার্থীদের মনোভাব, সম্প্রদায় সম্পর্কে ধারণা, শিক্ষণমূলক বিষয়ে দার্শনিক তত্ত্বগুলির ভূমিকা ইত্যাদি। প্রধানত তিনটি উপায়ে এই জাতীয় উন্নয়ন সম্ভব:

a) **অভিজ্ঞতা**- ক্রমাগত শিক্ষণের অনুশীলন, জ্ঞানের বিকাশসাধন, তত্ত্ব এবং বিশ্বাসের প্রতি সুস্পষ্ট ধারণা, বিষয়বস্তু সম্পর্কে সম্যক ধারণা, শিক্ষার্থীদের মনোভাব এবং তাদের শিক্ষণমূলক চাহিদা এবং শিক্ষাগ্রহণের প্রকৃত কারণ অনুধাবনের মাধ্যমে শিক্ষকগণ প্রতিনিয়ত অভিজ্ঞতা সঞ্চয় করছেন যা তাদের শিক্ষকতার পেশাকে সার্বিকভাবে সমৃদ্ধ করে তোলে। প্রাথমিকভাবে তাঁদের লক্ষ্য থাকে যথাযথভাবে শিক্ষাদান করা। ধীরে ধীরে তাঁরা শিক্ষার্থীদের চাহিদার কথা বিবেচনা করে নিজেদের শিক্ষা প্রদানের প্রক্রিয়াটিকে পরিবর্তিত করেন, চাহিদানুযায়ী বিবর্তন প্রতিটি পেশার ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ। ধীরে ধীরে তাঁরা নিজেদের প্রস্তুত করেন, শিক্ষণের মাধ্যমে নিজেদের দক্ষতার বিকাশ ঘটান, যার ফলে তাঁদের শিক্ষা প্রদানের ক্ষমতা সমৃদ্ধ হয় এবং শিক্ষার্থীদের লক্ষ্য অর্জনে সহায়তা করেন। শিক্ষক হিসাবে অবতীর্ণ হওয়ার পূর্বে 'তত্ত্বগত' বিষয় যা শিক্ষণের ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ ও মূল্যবান সেই সম্পর্কে শিক্ষকদের ধারণা আরও সুস্পষ্ট হয়ে ওঠে। শিক্ষকরাও শিক্ষণ সংক্রান্ত বিষয়টিকে পেশাগত দিক থেকে আরো বৃহৎ করে তোলেন এবং শিক্ষকতা আদতে যে একটি সমৃদ্ধ পেশা সে বিষয়ে তাঁদের সুস্পষ্ট ধারণা গড়ে ওঠে। শিক্ষণের মাধ্যমেই সমস্ত শিক্ষক অভিজ্ঞতা সঞ্চয় করেন এবং সমৃদ্ধ হন।

b) **সুযোগ এবং পারস্পারিক যোগাযোগ** - বর্তমানে পেশাগত শিক্ষণের সামাজিক দিকটিকে ক্রমবর্দ্ধিতভাবে স্বীকৃতি দেওয়া হচ্ছে। সমকক্ষ ব্যক্তি এবং সহকর্মীদের সাথে কথোপকথনের মাধ্যমেও শিক্ষণ সম্ভব হচ্ছে এবং "অন্যান্য ক্ষেত্রে কীভাবে সম্ভবপর হচ্ছে" সেই সংক্রান্ত বিষয়ের অবগত হওয়ার সুযোগ শিক্ষকদের শেখার ক্ষেত্রে এবং মানোন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিভিন্ন কনফারেন্স এবং ওয়ার্কশপে যোগদান, পেশাগত শিক্ষণ এবং একই পেশার সাথে যুক্ত ব্যক্তিদের নিয়ে গঠিত মণ্ডলীর সাথে যুক্ত হওয়া এবং শিক্ষাদান ব্যতীত অন্যান্য কর্মক্ষেত্রের সাথে যোগাযোগের সুযোগ শিক্ষকদের বিকাশে এবং শিক্ষণের ক্ষেত্রে অনুকূল পরিবেশ সৃষ্টি করে।

c) **ক্রমাগতভাবে পেশাগত উন্নয়ন** - ওয়ার্কশপ, কর্মদক্ষতা বৃদ্ধির জন্য আয়োজিত সেশন, দক্ষতার বিকাশসাধন সংক্রান্ত কোর্সের মাধ্যমে শিক্ষকদের পেশাগত মানোন্নয়ন সম্ভব, দক্ষতা উন্নয়ন কোর্সের অনলাইন এবং অফলাইন ক্লাসে অংশগ্রহণের মাধ্যমেও তাঁদের পেশাগত দক্ষতা বিকশিত হয়, ক্রমাগত অনুশীলনের মাধ্যমে একদিকে যেমন তাঁদের পেশাগত যোগ্যতা পরিপূর্ণতা লাভ করে তেমনই তাঁরা নিত্যনতুন বিষয় সম্পর্কে জ্ঞানার্জন করেন যা তাঁদের কর্মক্ষমতাকে বৃদ্ধি করে এবং শিক্ষার্থীদের চাহিদানুযায়ী তাঁরা নিজেদের বিকশিত করেন। অতঃপর, ক্রমাগত অনুশীলনের মাধ্যমে তাঁরা নিত্যনতুন বিষয় সম্পর্কে অবগত হন এবং সেই বিষয়ে তাদের দক্ষতাও বহুলাংশে বৃদ্ধি পায়।

## 3.4 শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST)

কার্যকরী উপায়ে শিক্ষণের বৈশিষ্ট্যগুলিকে সংজ্ঞায়িত করার জন্য এবং তার মান নির্ধারণ করার জন্য মানদণ্ডগুলি সাধারণত ব্যবহার করা হয়। এই মানদণ্ডগুলির মাধ্যমে "উন্নতমানের শিক্ষাপদ্ধতির" ধারণা পাওয়া যায়, এছাড়া " মানদণ্ডে উত্তীর্ণ হওয়া" বলতে কী বোঝায় সেই সম্পর্কেও অবগত হওয়া যায়। পেশাগতভাবে এই মানদণ্ডগুলি তাদের উদ্দেশ্য এবং বিষয়বস্তুর ওপর ভিত্তি করে বিভিন্ন প্রকারের হয়। এগুলি কোনও নির্দিষ্ট পেশা বা কর্মক্ষেত্রে অনুশীলনের সাথে যুক্ত থাকতে পারে আবার নাও থাকতে পারে। এই মানদণ্ডগুলিকে প্রাথমিকভাবে ব্যাখ্যা করা যেতে পারে যা সকল প্রকারের শিক্ষকদের একত্রে অন্তর্ভুক্ত করে অথবা ক্রমান্বয়ে পেশার বিভিন্ন পর্যায়ে থাকা শিক্ষকদের অন্তর্ভুক্ত করে এবং পেশার সুদক্ষ বা প্রবীণ পর্যায় থেকে অভিজ্ঞ / কুশল পর্যায়ে উন্নীত হওয়ার পথও প্রদর্শন করে।




**চিত্র 2 পেশাগত মানদণ্ড এবং কর্মদক্ষতার বর্ণন**

জাতীয় শিক্ষানীতি (ন্যাশানাল এডুকেশান পলিসি /NEP) 2020-এর উদ্দেশ্যপূরণের জন্য, উপরোক্ত তিনটি ক্ষেত্রে মানদণ্ডগুলিকে শিক্ষকতার ক্ষেত্রে শিক্ষকদের সম্পূর্ণ কর্মজীবনের ক্রমবিকাশকে অন্তর্ভুক্ত করার জন্য বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। এনসিইআরটি, এসসিইআরটি, বিভিন্ন স্তরের এবং বিভিন্ন অঞ্চলের শিক্ষক, শিক্ষক প্রস্তুতি ও বিকাশ বিশেষজ্ঞ প্রতিষ্ঠানগুলি, বিশেষজ্ঞ এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানগুলির সাথে আলোচনার মাধ্যমে এনপিএসটি -এর একটি সাধারণ নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে।

# 4 শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ড (NPST) - এর রূপরেখা

শিক্ষকদের জন্য জাতীয় পেশাগত মানদণ্ডগুলির রূপরেখার পেশাগত দিকগুলিকে শিক্ষকতার নির্দিষ্ট দৃষ্টিভঙ্গিগুলির মাধ্যমে বর্ণনা করা যেতে পারে। 'স্ট্যান্ডার্ডস বা মানদণ্ড' রূপে পরিচিত নিম্নলিখিত তিনটি পরস্পর সম্পর্কিত ক্ষেত্রে এই রূপরেখাটির বিন্যাস করা হয়েছে। এই মানদণ্ডগুলি (স্ট্যান্ডার্ডস)বিভিন্ন ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করে যেগুলি সম্পর্কে ইতিপূর্বে আলোচনা করা হয়েছে।

**4.1 মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 1: মূল মূল্যবোধ এবং নৈতিকতা** - এই মানদণ্ডটি সেই সকল মূল মূল্যবোধ এবং নৈতিকতা সম্পর্কিত বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করবে যেগুলি একজন শিক্ষকের মধ্যে বিকশিত হওয়া কাম্য। শিক্ষকতার ক্ষেত্রে মূল্যবোধ এবং নীতিবোধ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই মানদণ্ডগুলি শিক্ষকদের মূল্যবোধ যেমন - ন্যায়পরায়ণতার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকা, পেশাদারিত্ব, সততা, শ্রদ্ধা, নির্ভরযোগ্যতা এবং শ্রেণিকক্ষের মধ্যে পারস্পরিক বোঝাপড়া প্রভৃতিকে রূপদান করার জন্য নির্দেশনামূলক নীতি হিসাবে কাজ করে, এছাড়া শিক্ষকদের নিজেদের শিক্ষা সম্বন্ধীয় দক্ষতাগুলির ক্রমাগত পরিমার্জনা করার ক্ষেত্রে এবং সারা জীবনব্যাপী শেখার ক্ষেত্রেও এই মানদণ্ডগুলি সহায়তা করে। এই মূল মূল্যবোধ এবং নৈতিকতার বিকাশ সাধনের মাধ্যমে শিক্ষকরা সাম্য এবং সকলকে অন্তর্ভুক্ত করার ভিত্তি গঠন করে।





চিত্র-3 মৌলিক মূল্যবোধ এবং নৈতিকতার বর্ণন

**4.2 মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 2: জ্ঞান এবং অনুশীলন** - এই মানদণ্ডটির মূল বিষয়বস্তু হল যে কর্মজীবনের প্রতিটি পর্যায়ে দক্ষতার সঙ্গে কাজ করার জন্য প্রতিটি শিক্ষকের তাঁর শিক্ষার্থীদের চাহিদা সম্পর্কে জ্ঞান থাকা বাধ্যতামূলক, যার ফলে তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যপূরণের জন্য সঠিকভাবে তাদের পরিচালনা করতে পারবেন। একজন শিক্ষক কীভাবে তাঁর অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষণ-পঠনমূলক বিষয়ে শিক্ষার্থীদের পরিচালনা করবেন এবং কীভাবে তাদের মূল্যায়ন করবেন সেই বিষয়টিও এই মানদণ্ডের অধীনে ব্যাখ্যা করা হয়। শিক্ষকের জ্ঞান এবং তাঁর অনুশীলনের ক্ষেত্রটি অনেক বৃহৎ এবং বিষয়ভিত্তিক জ্ঞান,শিক্ষা সম্বন্ধীয় জ্ঞান, জাতীয় শিক্ষা ব্যবস্থা, ন্যায়নীতি, শিক্ষাতত্ত্ব, শিক্ষার্থীর দক্ষতানুযায়ী জ্ঞান ইত্যাদি বিষয় এর অন্তর্ভুক্ত। শিক্ষার্থীদের সার্বিক বিকাশের জন্য এবং তাদের শিক্ষণমূলক বিষয়ে অংশগ্রহণ করার ক্ষেত্রে যেসব বিষয়গুলির দিকে বিশেষ গুরুত্ব আরোপ করা হয় সেগুলি যথাক্রমে শ্রেণিকক্ষে সুষ্ঠ পরিবেশ, উপযুক্ত পদ্ধতি, গ্রন্থাগার, ফিল্ড ট্রিপের অবতারণা করা, শিক্ষার্থীদের শারীরিক বিকাশের জন্য খেলার মাঠের ব্যবস্থা করা, শিক্ষার্থীরা কীভাবে উপরোক্ত মাধ্যমগুলি ব্যবহারের মাধ্যমে উপকৃত হবে সেই বিষয়ে শিক্ষক কর্তৃক যথার্থ জ্ঞানদান, শিক্ষণ পরিকল্পনা করা এবং সেগুলি যথাযথভাবে ব্যবহার করা ইত্যাদি বিষয় পর্যালোচনা করতে এই মানদণ্ডগুলি ব্যবহার করা হয়।




চিত্র-4 জ্ঞান ও অনুশীলন সংক্রান্ত বর্ণন

**4.3 মানদণ্ড ( স্ট্যান্ডার্ড) 3: পেশাগত উন্নতি এবং বিকাশ** - এই মানদণ্ডটি, ক্রমাগত পেশাগত উন্নয়ন (কন্টিনিউয়াস প্রফেশনাল ডেভলপমেন্ট বা CPD) মূলক কর্মসূচিতে অংশগ্রহণের মাধ্যমে পেশার প্রতিটি স্তরে পেশাগত দক্ষতা/জ্ঞানের বিকাশসাধন করার জন্য একজন শিক্ষকের কী করা উচিত সেই সম্পর্কে ধারণা প্রদান করে। একজন শিক্ষকের উচিত তাঁর শিক্ষকতার পেশার প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শন করা এবং ক্রমাগত প্রচেষ্টার মাধ্যমে সেই দক্ষতার বিকাশসাধন করা। দক্ষতার প্রয়োগমূলক যে সংজ্ঞা এই নথিতে ব্যবহার করা হয়েছে সেখানে জ্ঞান, আগ্রহ এবং সক্ষমতার ক্ষেত্রে দক্ষতা অর্জনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।




চিত্র-5 পেশাগত উন্নতি এবং বিকাশ সংক্রান্ত বর্ণন

| মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 1: মূল মূল্যবোধ এবং নৈতিকতা | | | |
|---|---|---|---|
| মৌলিক মূল্যবোধ এবং পেশাদারী নৈতিকতা যা একজন শিক্ষকের প্রদর্শন করা প্রত্যাশিত | | | |
| ক্ষেত্র | সুদক্ষ/প্রবীণ শিক্ষক | উন্নত শিক্ষক | অভিজ্ঞ/কুশল শিক্ষক |
| ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত সাংবিধানিক মূল্যবোধ | সাংবিধানিক মূল্যবোধের সাপেক্ষে যুক্তি প্রদান, অগ্রাধিকার প্রদান এবং ব্যাখ্যা করার সক্ষমতা | | |
| | নৈতিকতা ও দায়িত্বের সাথে তথ্য ব্যবহার করা এবং শিক্ষার্থীদের মর্যাদা নিশ্চিত করার ক্ষমতা | | |
| | ভারতীয় সংবিধানের 51A অনুচ্ছেদে প্রদত্ত মৌলিক কর্তব্য সম্পর্কিত সচেতনতা এবং অনুশীলন | | |
| | আইনগত বাধ্যবাধকতা, নিয়মকানুন, বিধিমালা, নীতিসমূহ বুঝতে পারা এবং বিরুদ্ধ পরিস্থিতিতে নৈতিকতার সাথে যুক্তি দিয়ে বিচার করা এবং জটিল পরিস্থিতিতে মীমাংসা করার ক্ষমতা | | |
| পেশাগত সম্পর্ক | শিক্ষার্থীদের জন্য সহ-পাঠ্যক্রমিক সুবিধা প্রদান করতে অন্যান্য বিশেষজ্ঞ এবং সংস্থার সাথে সমন্বয়সাধন করা | | |
| | শিশুর সামগ্রিক বিকাশে পিতামাতা এবং সমাজের ভূমিকাকে স্বীকৃতি প্রদান করা এবং সেই বিষয়ে বোধগম্যতা তৈরি করা | | |
| | নিজস্ব স্কুল এবং অন্যান্য প্রতিষ্ঠান ও সম্প্রদায়ের মধ্যে সম্পদ, ইত্যাদি ভাগাভাগির জন্য পারস্পরিক সম্পর্ক বজায় রাখার ক্ষমতা | | |
| | বিদ্যালয়ের ভিতরে এবং বাইরে বিভিন্ন অংশগ্রহণকারীদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা এবং জটিল এবং প্রতিকূল পরিবেশে আলোচনার মাধ্যমে মীমাংসা করার ক্ষমতা | | |
| | লক্ষ্য ও কৌশল নির্ধারণ করার ক্ষমতা যা প্রতিষ্ঠানের কার্যকারিতা ও দক্ষতা নিশ্চিত করবে, যাতে সমস্ত ছাত্রদের জন্য শিক্ষাগত লক্ষ্য অর্জন করা যায় এবং স্কুলের সব সদস্যের জন্য একটি সহায়ক কাজের পরিবেশ এবং সুস্বাস্থ্য নিশ্চিত করা যায় | | |

| মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 2: জ্ঞান এবং অনুশীলন | | | | |
|---|---|---|---|---|
| শ্রেণিকক্ষে কার্যকরী শিক্ষা সম্বন্ধীয় অনুশীলন বলতে একজন শিক্ষকের কী জানা, কী বোঝা এবং কী করা উচিত | | | | |
| **ক্ষেত্র** | **উপবিভাগ** | **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| প্রতিটি শিশুর বিশেষ ক্ষমতাগুলির স্বীকৃতি, চিহ্নিতকরণ এবং উন্নয়ন সাধন করা | শিশুর বিকাশ এবং শিখনের ওপর তার প্রভাব | বিকাশের বিভিন্ন পর্যায় এবং ক্ষেত্রগুলির সাথে সম্পর্কিত তত্ত্বগুলি (জ্ঞানগত, ভাষাগত, সামাজিক, মানসিক এবং শারীরিক) সম্পর্কে ধারণা | শিক্ষার বিভিন্ন ধরনগুলিকে চিহ্নিত করতে প্রতিটি শিক্ষার্থীর উন্নতির জন্য শিশুবিকাশ সম্পর্কিত জ্ঞান ও ধারণার প্রয়োগ | সহপাঠীদের জন্য শিশুর উন্নয়ন তত্ত্বগুলির মডেল প্রয়োগ |
| | শিক্ষার্থীদের বৈচিত্র্য | বিভিন্ন ধরনের শিক্ষার্থীর বৈচিত্র্য (যেমন শেখার শৈলী, শেখার প্রয়োজনীয়তা, সামাজিক-অর্থনৈতিক অবস্থান, সংস্কৃতি, ভাষা, পারিবারিক কাঠামো ইত্যাদি) সম্পর্কে একটি স্পষ্ট ধারণা অর্জন এবং স্কুল ও শ্রেণীকক্ষে এই বৈচিত্র্য মোকাবিলা করা | শিক্ষার্থীদের বিভিন্ন চাহিদা মেটাতে এবং একটি অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ তৈরি করতে শিক্ষণ সংক্রান্ত সংস্থান বা পদ্ধতিগুলি প্রয়োগ করা | শ্রেণিকক্ষ থেকে অর্জিত অভিজ্ঞতার ওপর ভিত্তি করে প্রত্যেক শিক্ষার্থীর পৃথক পৃথক চাহিদাগুলিকে শনাক্তকরণ ও পূরণ করার ক্ষমতা |
| | বিশেষভাবে সক্ষম এবং মেধাবী শিক্ষার্থীদের শিখনের চাহিদা | বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের প্রতিবন্ধকতার ধরনগুলি সম্পর্কে এবং তাদের বিশেষ শিক্ষণ সংক্রান্ত চাহিদা সম্পর্কে অবগত থাকা , পাশাপাশি মেধাবী শিশুদের চাহিদা সম্পর্কে সচেতন থাকা এবং তাদের শিখন সহায়ক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা | শ্রেণিকক্ষে উপস্থিত বিভিন্ন শিক্ষার্থীদের চাহিদাগুলিকে শনাক্ত করা এবং সেগুলিকে স্বীকৃতি দানের জন্য বিশেষ চাহিদা সংক্রান্ত অভিজ্ঞতাগুলিকে ব্যবহার করা | বিশেষজ্ঞদের হস্তক্ষেপের প্রয়োজন এমন বিশেষ চাহিদাগুলিকে শনাক্ত করা ক্ষমতা এবং এই পরিস্থিতি কীভাবে মোকাবেলা করতে হবে সে বিষয়ে সহকর্মীদের জ্ঞান প্রদান করা |
| বিষয় সম্পর্কে জ্ঞান, অনুধাবনমূলক বোধগম্যতা এবং তার প্রয়োগ | | জ্ঞান প্রদান, বিষয়ভিত্তিক ক্ষেত্র সম্পর্কে ধারণা এবং তা প্রয়োগ করার ক্ষমতা | অন্তঃ এবং আন্তঃবিষয়ভিত্তিক পাঠ্যক্রম সংক্রান্ত সংযোগগুলিকে প্রয়োগ করা এবং স্থানীয় ও দেশীয় জ্ঞানের একত্রীকরণ করা | নিজ নিজ বিষয়ের ক্ষেত্রে বর্তমানে যেসব বিকাশমূলক ঘটনা ঘটছে সেসম্পর্কে অবগত থাকা এবং পাঠ্যক্রমের মধ্যে নিত্যনতুন বিষয়ের সংযোজন করা |
| পাঠ্যক্রম | পাঠ্যক্রমের রূপরেখা | বিষয়ভিত্তিক পাঠ্যক্রমের লক্ষ্য এবং পাঠ্যক্রমের রূপরেখা সম্পর্কে একটা সুস্পষ্ট ধারণার বিকাশসাধন করা | অন্তঃ এবং আন্তঃবিষয়ভিত্তিক পাঠ্যক্রম সংক্রান্ত সংযোগগুলি বোঝার জন্য এবং সেগুলি গড়ে তোলার জন্য সহকর্মীদের সাথে সহযোগিতা করা | সাম্প্রতিকতম বিকাশ এবং নিত্যনতুন জ্ঞানের কথা বিবেচনা করে পাঠ্যক্রমের সংশোধন করা |

| মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 2: জ্ঞান এবং অনুশীলন | | | | |
|---|---|---|---|---|
| শ্রেণিকক্ষে কার্যকরী শিক্ষা সম্বন্ধীয় অনুশীলন বলতে একজন শিক্ষকের কী জানা, কী বোঝা এবং কী করা উচিত | | | | |
| ক্ষেত্র | উপবিভাগ | সুদক্ষ/প্রবীণ শিক্ষক | উন্নত শিক্ষক | অভিজ্ঞ/কুশল শিক্ষক |
| শিক্ষার্থীদের পঠনের জন্য নির্মিত বিষয়বস্তুর উন্নয়ন | শিক্ষামূলক/ শিক্ষা সম্বন্ধীয় কৌশল এবং শিক্ষাপদ্ধতির শ্রেণিবিন্যাস | সাধারণ শিক্ষামূলক কৌশল, শিক্ষাব্যবস্থায় ব্যবহৃত শিক্ষণ পদ্ধতির শ্রেণিবিন্যাস এবং সাধারণ শিক্ষা সম্বন্ধীয় পদ্ধতি এবং সংস্থানগুলি (রিসোর্স) সম্পর্কে ধারণা | নিজস্ব বিষয়ে/শিক্ষণের ক্ষেত্রে শিখন সংক্রান্ত শ্রেণিবিন্যাস এবং শিক্ষাগত কৌশল ব্যবহার করার মাধ্যমে উন্নয়নমূলকভাবে উপযুক্ত শিক্ষণের লক্ষ্য/ফলাফল তৈরি করা। | আকর্ষণীয় পাঠ্যক্রম পরিকল্পনা করার জন্য শিখন সংক্রান্ত তত্ত্ব , নির্দেশনামূলক বা শিখন সম্বন্ধীয় কৌশল নির্বাচন করার জন্য এবং শিখন সংক্রান্ত শ্রেণিবিন্যাসগুলির সঠিক ব্যবহারের জন্য সহকর্মীদের পরমার্শ প্রদান |
| | বিভিন্ন প্রকারের নির্দেশনা/শিক্ষাপদ্ধতি | শিখনের ক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে অংশগ্রহণের প্রবণতা বৃদ্ধিতে বিভিন্ন প্রকারের নির্দেশনা/ শিক্ষাপদ্ধতি সম্পর্কে এবং তাদের ভূমিকা সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদর্শন করা | শিক্ষার্থীদের শিখন সংক্রান্ত বিষয়ে নিয়োজিত করার জন্য বিভিন্ন নির্দেশের প্রয়োগ | সহকর্মীদের উন্নয়নমূলকভাবে উপযুক্ত বৈচিত্র্যপূর্ণ কার্যক্রম ও কৌশল তৈরি করতে এবং ছাত্রদের অংশগ্রহণ বৃদ্ধি করতে পরামর্শ দিন |
| | বুদ্ধিদীপ্ত চিন্তাভাবনা, সৃজনশীল চিন্তন এবং উচ্চতর চিন্তন শৈলীর মতো জীবন দক্ষতার উন্নতিকরণের জন্য ব্যবহৃত কৌশল এবং সরঞ্জাম | সাধারণ শিক্ষাগত কৌশলগুলি সম্পর্কে গভীর ধারণা প্রদর্শন করা যা বুদ্ধিদীপ্ত এবং সৃজনশীল চিন্তাভাবনা, এবং/অথবা অন্যান্য উচ্চতর চিন্তন দক্ষতাকে বিকশিত করে। | এই ধরনের দক্ষতার বিকাশের জন্য উপযুক্ত শিক্ষাগত কৌশলের ব্যবহার। | সংশ্লিষ্ট ক্ষেত্রে সাম্প্রতিক উন্নয়ন সংক্রান্ত জ্ঞানের উপর ভিত্তি করে নতুন শিক্ষাগত কৌশল তৈরি করা। |
| শিখন সংক্রান্ত পরিকল্পনা | শিখনের লক্ষ্য এবং উদ্দেশ্য | পরিমাপযোগ্য এবং সম্পাদনযোগ্য শিখনের লক্ষ্য এবং উদ্দেশ্য সম্পর্কে ধারণা | পাঠ্যক্রম পরিকাঠামোর সাথে সামঞ্জস্যপূর্ণ বিষয়ের জন্য পরিমাপযোগ্য এবং সম্পাদনযোগ্য শিখনের লক্ষ্য এবং বিষয়বস্তু স্থির করা | উচ্চ প্রত্যাশা এবং কঠিন কিন্তু সম্পাদনযোগ্য লক্ষ্য স্থির করা, শিক্ষার্থীদের বিভিন্ন চাহিদাপূরণ করা এবং তাদের সার্বিক উন্নয়নের বিষয়টি বিবেচনা করার ক্ষমতা |
| | শিখন সংক্রান্ত অভিজ্ঞতা অর্জনের পরিকল্পনা | শিক্ষণের একটি নির্দিষ্ট উদ্দেশ্যপূরণের জন্য একটি শিখন সংক্রান্ত পরিকল্পনা গঠনের ক্ষমতা | শিক্ষার্থীদের ব্যক্তিগত চাহিদা অনুযায়ী পৃথক পৃথক পরিকল্পনা তৈরি করা | পাঠ্যক্রমের উপর ভিত্তি করে আন্তঃসংযুক্ত শিখন পরিকল্পনার একটি ক্রমপর্যায় তৈরি করার ক্ষমতা। |

| মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 2: জ্ঞান এবং অনুশীলন | | | | |
|---|---|---|---|---|
| শ্রেণিকক্ষে কার্যকরী শিক্ষা সম্বন্ধীয় অনুশীলন বলতে একজন শিক্ষকের কী জানা, কী বোঝা এবং কী করা উচিত | | | | |
| **ক্ষেত্র** | **উপবিভাগ** | **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| শিখনের, শিখনের জন্য এবং শিখন হিসাবে মূল্যায়ন | মূল্যায়ন কৌশল | বিভিন্ন মূল্যায়ন কৌশল এবং টুল বা পদ্ধতি সম্পর্কে ধারণা | শিক্ষার্থীদের শিখনের প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে উপযুক্ত মূল্যায়ন কৌশল নির্বাচন করা | সাংগঠনিক, রাজ্য এবং জাতীয় স্তরে মূল্যায়ন নীতি সম্পর্কে জ্ঞানের প্রদর্শন করা |
| | মূল্যায়ন সংক্রান্ত তথ্য | মূল্যায়ন সংক্রান্ত তথ্য থেকে শিক্ষার্থীদের অন্তর্দৃষ্টি সম্পর্কে সম্যক ধারণা | লক্ষ্য নির্ধারণ করতে এবং শিখনের পরিকল্পনা তৈরি করতে মূল্যায়ন সংক্রান্ত তথ্য ব্যবহার করা | শিক্ষার্থী/শ্রেণিকক্ষের কার্যকারিতা সম্পর্কে একটি দৃঢ় ধারণা তৈরি করতে এবং উপযুক্ত প্রতিকারের মাধ্যমে শিখনকে সহায়তা করতে একাধিক মাধ্যম থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করা |
| | যোগাযোগ এবং প্রতিক্রিয়া | শিক্ষার্থী এবং অভিভাবকদের সঙ্গে শিক্ষার্থীদের কার্যকারিতা বিষয়ে আলোচনা করা এবং তাদের উন্নতি সংক্রান্ত বিষয়ে প্রতিক্রিয়া প্রদান করা | অভিভাবক এবং পরিচর্যাকারীদের সাথে শিক্ষার্থীদের কর্মদক্ষতা সংক্রান্ত প্রতিক্রিয়া ভাগ করে নেওয়া | শিক্ষার্থীদের শিক্ষাগ্রহণের বিষয়টিকে পরিচালনা করার জন্য পিতামাতা এবং সমাজের সদস্যদের সাথে সহযোগিতা করা |
| শিক্ষাব্যবস্থায় প্রযুক্তির ব্যবহার ও সমন্বয়সাধন | | শিক্ষাব্যবস্থায় প্রযুক্তির ভূমিকা সম্পর্কে ধারণা | শিক্ষণ-পঠন, মূল্যায়ন এবং শ্রেণিকক্ষ সংক্রান্ত ব্যবস্থাপনাকে সহায়তা করার জন্য আইসিটি -টুলের ব্যবহার | নিজের এবং সহকর্মীদের জন্য শিক্ষণ-পঠনকে সমর্থন করার জন্য উপযুক্ত প্রযুক্তিগত সংস্থান (রিসোর্স) তৈরি করা। |

| মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 2: জ্ঞান এবং অনুশীলন | | | | |
|---|---|---|---|---|
| শ্রেণিকক্ষে কার্যকরী শিক্ষা সম্বন্ধীয় অনুশীলন বলতে একজন শিক্ষকের কী জানা, কী বোঝা এবং কী করা উচিত | | | | |
| **ক্ষেত্র** | **উপবিভাগ** | **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| শ্রেণিকক্ষে ব্যবহৃত উপাদানসমূহ এবং গতিশীলতা | নিরাপদ, যত্নশীল এবং সহায়কপূর্ণ শিক্ষণ পরিবেশ | একটি নিরাপদ এবং অন্তর্ভুক্তিমূলক শ্রেণীকক্ষ তৈরি করার জন্য সুবিধা ও সম্পদ সংগঠিত করা | একটি অন্তর্ভুক্তিমূলক এবং সহায়ক শিক্ষা পরিবেশ গড়ে তোলা যেখানে শিক্ষার্থীরা নির্ভীক চিত্তে নিজের মতামত জানানোর জন্য উৎসাহ প্রদান করা হবে | একটি সুরক্ষিত এবং অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ তৈরি করতে শিক্ষার্থীদের অনুপ্রাণিত করা |
| | শ্রেণিকক্ষের ব্যবস্থাপনা | শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার পদ্ধতিগত জ্ঞান এবং তা ব্যবহার করার ক্ষমতা প্রদর্শন করা | শিক্ষার্থীর আচরণের বিভিন্নতাকে বোঝা এবং সেগুলিকে মেনে নেওয়া | শিক্ষার্থীদের মধ্যে স্ব-শৃঙ্খলা, ব্যক্তিগত দায়িত্ব এবং নেতৃত্বের বিকাশ করা (রোল মডেল) |
| | কার্যকর শ্রেণীকক্ষ যোগাযোগ | শ্রেণিকক্ষে বিভিন্ন মৌখিক এবং অ-মৌখিক পদ্ধতিতে যোগাযোগের বা কথোপকথনের কৌশলগুলি বোঝার ক্ষমতা অর্জন করা | পঠন-পাঠনকে অংশগ্রহণমূলক করার জন্য শ্রেণিকক্ষে বিভিন্ন মৌখিক এবং অ-মৌখিক পদ্ধতিতে যোগাযোগ কৌশলগুলি ব্যবহার করা এবং প্রতিক্রিয়া প্রদান করা | শ্রেণিকক্ষে যোগাযোগের উন্নতিসাধনের জন্য সহকর্মীদের সহায়তা/পরিচালনা করতে গঠনমূলক প্রতিক্রিয়া প্রদান করা |
| | ভাষাগত বৈচিত্র্য এবং বহুভাষিকতা | ভাষাগত বৈচিত্র্য নির্বিশেষে সকল শিক্ষার্থীকে শিক্ষাব্যবস্থার অন্তর্ভুক্ত করা এবং সেই নির্দিষ্ট ভাষা/ভাষাগুলিতে দক্ষতা অর্জন করা | পঠন-পাঠনকে সহজতর করার জন্য শ্রেণিকক্ষে বহুভাষিকতা প্রয়োগে সহকর্মীদের সহায়তা করা | সহকর্মীদের মধ্যে শিক্ষাদান এবং শিখনের সুবিধার্থে বহুভাষিকতার ব্যবহারকে সমর্থন করা |

| মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 3: পেশাগত উন্নতি এবং বিকাশ | | | |
|---|---|---|---|
| পেশাগত অনুশীলনের বিকাশ এবং উন্নতিসাধন করার ক্ষমতা | | | |
| ক্ষেত্র | সুদক্ষ/প্রবীণ শিক্ষক | উন্নত শিক্ষক | অভিজ্ঞ/কুশল শিক্ষক |
| শিক্ষণের চাহিদা | নিজের পেশাগত উন্নয়নের জন্য শিক্ষাগত চাহিদার চিহ্নিতকরণ এবং লক্ষ্য নির্ধারণ | অংশগ্রহণকারীদের কাছ থেকে প্রাপ্ত ইনপুট বা পরামর্শের উপর ভিত্তি করে একটি পেশাগত উন্নয়নমূলক পরিকল্পনা তৈরি করা | সহকর্মীদের পেশাগত উন্নয়নের সুযোগ দেওয়া এবং পরিকল্পনা প্রদান করা |
| চিন্তনশীল অনুশীলন | চিন্তনশীল অনুশীলন সংক্রান্ত ধারণার বর্ণনা | নিজস্ব শিক্ষণ প্রণালীর সংশোধন করার জন্য চিন্তনশীল অনুশীলন ব্যবহার করা | সহকর্মীদের চিন্তনশীল অনুশীলনে সহায়তা করা বা পরামর্শ প্রদান করা |
| শিক্ষা সংক্রান্ত সমাজের সঙ্গে যুক্ত থাকা এবং অংশগ্রহণ করা | বিদ্যালয়ের অভ্যন্তরে এবং বাইরে শিখনের সুযোগগুলি তে অংশগ্রহণ করা | কনফারেন্স, সেমিনার বা ওয়েবিনারে তাঁদের গবেষণা এবং জ্ঞানের উপস্থাপনা করা | বিদ্যালয়ের মধ্যে শিখন সংক্রান্ত গোষ্ঠী বা সম্প্রদায় গড়ে তোলা এবং পেশাগত উন্নয়নের জন্য সেশনের প্রবর্তন করা |

# 5 বাস্তবায়ন

ন্যাশানাল সেন্টার ফর টিচার এডুকেশান বা এনসিটিই-তে ন্যাশানাল সেন্টার ফর টিচার কোয়ালিটি বা এনসিটিকিউ নামক একটি ডিজিটাল প্ল্যাটফর্ম স্থাপন করা হয়েছে যা শিক্ষকদের জন্য ভাণ্ডার বা সংগ্রহশালারূপে কাজ করবে এবং এনপিএসটি-এর সঞ্চালনের দায়িত্ব পালন করবে। এছাড়া, আরও রিসোর্স পার্সন/সংস্থা তৈরি করার জন্য স্টেকহোল্ডার/বাস্তবায়নকারী সংস্থাগুলির ক্ষমতা গঠনকারী কর্মসূচি গ্রহণ করা হবে। এনপিএসটি-এর গাইডিং ডকুমেন্টের বাস্তবায়ন এবং তার প্রভাব মূল্যায়নহেতু সমগ্র দেশব্যাপী কেন্দ্রীয় সরকারের অধীনস্থ 75-টি স্কুলে (25টি কেন্দ্রীয় বিদ্যালয়+ 25টি নবোদয় বিদ্যালয়+ 25টি CBSE) 1175 জন শিক্ষকদের নিয়ে একটি পরীক্ষামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। নিম্নে বর্ণিত এই পরীক্ষামূলক কর্মসূচিগুলির উদ্দেশ্য পূরণ করা সম্ভবপর হয়েছে:

- শিক্ষকদের পারদর্শিতার মান এবং পেশার পর্যায়গুলি শনাক্ত করা
- শিক্ষকদের পারদর্শিতা/দক্ষতা এবং শিক্ষাদান সংক্রান্ত অনুশীলনের ওপর এনপিএসটি কর্তৃক যে পরীক্ষামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছিল তার প্রভাব পরীক্ষা করা
- এনপিএসটি-এর বাস্তবায়ন সংক্রান্ত কৌশলগুলি সম্পর্কে স্টেকহোল্ডারদের প্রতিক্রিয়া সংগ্রহ করা

## 5.1 কর্মসূচির পরিকল্পনা

শিক্ষকের যোগ্যতা নির্ধারণের জন্য এবং শিক্ষকদের পারদর্শিতা উন্নয়নের জন্য একটি উন্নয়নমূলক পথ নির্দেশ করার মাধ্যমে এনপিএসটি-এর শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন ঘটানোর ক্ষমতা রয়েছে। একটি নিয়ন্ত্রিত পদ্ধতিতে এনপিএসটি-এর পরীক্ষামূলক কর্মসূচির সময়ই বাস্তবায়নের পরিকল্পনার ধারণা করা হয়েছিল। বাস্তবায়ন সংক্রান্ত পদ্ধতিগুলিতে গৃহীত পদক্ষেপগুলি নিম্নরূপ:

- টার্গেট গ্রুপের নিবন্ধীকরণ
- মানদণ্ডগুলির প্রয়োগ - শিক্ষকের কর্মজীবনের বিভিন্ন পর্যায় শনাক্ত করা
- গুণগত মূল্যায়ন

এনপিএসটি- অনুযায়ী, একজন শিক্ষককে শিক্ষকতার সাথে যুক্ত থাকাকালীন তাঁর দক্ষতা এবং পারদর্শিতার উন্নয়ন ঘটাতে হবে। স্ব-মূল্যায়নের জন্য ব্যবহৃত পদ্ধতির পাশাপাশি মূল্যায়নের অন্যান্য পদ্ধতিগুলির সাহায্যে শিক্ষকরা তাঁদের দক্ষতা নির্ধারণ করতে সক্ষম হবেন। শিক্ষকদের পারদর্শিতা উন্নয়নের বিষয়টি (টিচার কম্পিটেন্সি পোর্টফোলিও) নিয়মমাফিক মূল্যায়নের অন্তর্গত, যার মধ্যে শিক্ষকদের কর্মদক্ষতার প্রমাণ, শ্রেণিকক্ষে বর্ণনামূলক শিক্ষাপদ্ধতি/পদ্ধতিসমূহ, সব বিষয়ে স্টেকহোল্ডারদের প্রতিক্রিয়া এবং/অথবা সহকর্মী বা পরামর্শদাতাদের পর্যবেক্ষণমূলক প্রতিবেদনটি অন্তর্ভুক্ত। পারফরম্যান্স ইন্ডিকেটর (PI) -এর বিন্যাস সহ পরীক্ষা/মূল্যায়নের জন্য ব্যবহৃত পদ্ধতি বা টুল/বিষয়বস্তু অধ্যায় 6- এ বর্ণিত পরামর্শমূলক মূল্যায়ন রূপরেখার ভিত্তিতে তৈরি করা যেতে পারে।

এনপিএসটি প্রবর্তনের জন্য গৃহীত কর্মসূচীগুলি নিম্নরূপ:-

a) এনপিএসটি-এর গাইডিং ডকুমেন্টের প্রবর্তন করা এবং বাস্তবায়নের জন্য দায়বদ্ধ প্রতিষ্ঠান/সংস্থাগুলির কর্মক্ষমতা বৃদ্ধি করা।

b) রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলগুলি কর্তৃক এনপিএসটি গাইডিং ডকুমেন্টের প্রয়োগ।

c) জাতীয় শিক্ষানীতি (ন্যাশানাল এডুকেশান পলিসি বা NEP) 2020-এর অনুচ্ছেদ 5.20-এ বর্ণিত শিক্ষকের পেশাগত উন্নয়ন, কর্মক্ষমতা বৃদ্ধি, প্রশিক্ষণ ইত্যাদির সাথে এনপিএসটি-এর একীভবন।

d) শিক্ষকদের দক্ষতা অর্জনে সক্ষমতা বৃদ্ধির জন্য সংস্থান/বিষয়বস্তু /স্ব-উন্নয়নমূলক নির্দেশিকা/মূল্যায়ন পদ্ধতি বা টুলগুলির বিকাশসাধন।

## 5.2 প্রযোজ্যতা

a) রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের উপযুক্ত সরকার কর্তৃক মনোনীত যোগ্য ব্যক্তি/ব্যক্তিদের দ্বারা এনপিএসটি-এর বাস্তবায়ন করা হবে এবং একইভাবে কেন্দ্রীয় সরকার অধীনস্থ প্রতিষ্ঠান/সংস্থাগুলির ক্ষেত্রেও একই প্রক্রিয়া গ্রহণ করা হবে।

b) রাজ্য বা কেন্দ্র সরকারের উপযুক্ত মনোনীত ব্যক্তি কর্তৃক একটি বিশদ পদ্ধতি প্রণয়ন করা হবে এবং শিক্ষকের পেশাগত উন্নয়ন এবং কর্মজীবন পরিচালনার জন্য এনপিএসটি গাইডিং ডকুমেন্ট চালু করা এবং বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হবে।

c) এনপিএসটি তে এনসিটিই-এর সাথে যোগাযোগের উদ্দেশ্যপূরণের জন্য উপযুক্ত সরকার কর্তৃক একজন নোডাল অফিসার নিয়োগ করা হবে।

d) নোডাল অফিসারদের জন্য এনসিটিই কর্তৃক মিটিং বা ওয়ার্কশপের ব্যবস্থা করা হবে।

e) এনপিএসটি-এর বাস্তবায়নের জন্য দায়বদ্ধ প্রতিটি মনোনীত সংস্থা এনসিটিই-কে খুঁটিনাটির তথ্য প্রদান করবে।

f) এনসিটিই ডেটাবেসের রক্ষণাবেক্ষণ করবে এবং অভিজ্ঞ ব্যক্তি ও বিভিন্ন সংস্থান বা রিসোর্স (যেমন - পদ্ধতি বা টুল)-এর সংগ্রহশালা হিসাবে কাজ করবে এবং এই সমস্ত কিছুই উপযুক্ত সরকার বা সংস্থার সাথে ভাগ করবে।

g) এনইপি 2020-এর অনুচ্ছেদ 5.20-এর পরিকল্পনামাফিক সমগ্র দেশব্যাপী শিক্ষকের পেশাগত উন্নয়ন এবং পেশাগত ব্যবস্থাপনার সাথে এনপিএসটি যুক্ত হবে।

## 5.3 পর্যায়ক্রমিক পুনর্মূল্যায়ন

মানদণ্ডগুলির কার্যকারিতার একটি দৃঢ় গবেষণামূলক বিশ্লেষণের ওপর ভিত্তি করে পেশাগত মানদণ্ডগুলির পর্যায়ক্রমিকভাবে পুনর্মূল্যায়ন এবং সংশোধন করা হবে।

# 6 এনপিএসটি -এর পরিকাঠামোর উপর ভিত্তি করে মূল্যায়ন পদ্ধতি (প্রস্তাবিত)

**মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 1: মূল মূল্যবোধ এবং নৈতিকতা**

| |
|---|
| ক্ষেত্র 1: ভারতীয় সংবিধানে উল্লিখিত সাংবিধানিক মূল্যবোধ |
| **উপবিভাগ 1.1- সাংবিধানিক মূল্যবোধের পরিপ্রেক্ষিতে শলাপরামর্শ করার ক্ষমতা, অগ্রাধিকার দেওয়ার প্রবণতা, দক্ষতার প্রতিফলন এবং ব্যাখ্যা করার ক্ষমতা** |
| 1.1.1. সকল শিক্ষার্থী এবং সহকর্মীদের সাথে সম্মানজনক এবং ন্যায্য আচরণ করা।<br>1.1.2. একটি সুরক্ষিত পরিবেশ তৈরি করে সকলের মধ্যে ঐক্য ও সম্প্রীতি বজায় রাখা যেখানে প্রত্যেকে নির্দ্বিধায় তাদের ধারণা এবং অনুভূতি ভাগ করে নিতে পারবে। |
| **উপবিভাগ 1.2- নৈতিকভাবে, দায়িত্বের সাথে তথ্য ব্যবহার করার এবং শিক্ষার্থীদের মর্যাদা সুনিশ্চিত করার ক্ষমতা** |
| 1.2.1 শিক্ষার্থীদের গুরুত্বপূর্ণ তথ্যের ক্ষেত্রে গোপনীয়তা বজায় রাখা হয় এবং খুব প্রয়োজন না হলে কর্তৃপক্ষ কর্তৃক কারোর কাছে তথ্য ব্যক্ত করা হয় না। |
| **উপবিভাগ 1.3- ভারতীয় সংবিধানের 51A অনুচ্ছেদে প্রদত্ত মৌলিক কর্তব্য সম্পর্কে সচেতনতা বজায় রাখা এবং তার অনুশীলন করা** |
| 1.3.1. সকল শিক্ষার্থীদের মধ্যে দেশপ্রেম জাগরিত করা এবং আমাদের সমৃদ্ধ এবং বৈচিত্র্যময় সংস্কৃতির সম্পর্কে গর্ববোধ করা।<br>1.3.2. পরিবেশ সংরক্ষণ করতে, বিজ্ঞানসম্মত উপায়ে সব কিছু বিবেচনা করতে এবং সমগ্র জাতীর উন্নয়নে সহায়তা করতে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করা। |
| **উপবিভাগ 1.4-আইনগত বাধ্যবাধকতা, নিয়মকানুন, নীতিসমূহ বুঝতে পারা এবং বিরুদ্ধ পরিস্থিতিতে নৈতিকতার সাথে যুক্তি দিয়ে বিচার করা এবং জটিল পরিস্থিতিতে মীমাংসা করার ক্ষমতা** |
| 1.4.1. নিষ্ঠার সাথে বিবৃত নিয়মকাননগুলি (বিদ্যালয় এবং রাজ্যের প্রবিধানগুলি) অনুসরণ করতে উৎসাহিত করা হয় এবং সেগুলি উপেক্ষা বা ভঙ্গ করার পরিণতি সম্পর্কে তাদের অবগত করা।<br>1.4.2. শিক্ষার্থী এবং সহকর্মীদের নিয়মকানুন পালন করতে উদ্বুদ্ধ করা এবং কোনো রকম সমস্যার উদ্রেক হলে সেগুলির সমাধান করতে সহায়তা প্রদান করা। |
| ক্ষেত্র 2: পেশাগত সম্পর্ক |
| **উপবিভাগ 2.1- শিক্ষার্থীদের জন্য সহায়কপূর্ণ পাঠ্যক্রমের অবতারণা করতে বিশেষজ্ঞদের সাথে এবং অন্যান্য সংগঠনের সাথে সমন্বয়বিধান করা** |
| 2.1.1. শিক্ষার্থীদের জন্য বিভিন্ন শিখনমূলক সুযোগ - সুবিধার অবতারণা করার জন্য বিদ্যালয়ে সহকর্মী এবং অন্যান্য বিশেষজ্ঞদের সাথে সমন্বয়সাধন করা।<br>2.1.2. শিক্ষার্থীদের জন্য বাস্তবসম্মত লক্ষ্য নির্ধারণ করা এবং সেগুলি অর্জন করতে শিক্ষার্থীদের জন্য সহায়কপূর্ণ শিক্ষাসংস্কৃতির সৃষ্টি করা যেখানে তারা প্রত্যেকে সুরক্ষিত এবং নিজেকে মূল্যবান মনে করবে। |
| **উপবিভাগ 2.2- শিশুর সামগ্রিক বিকাশে পিতামাতা এবং সমাজের ভূমিকাকে স্বীকৃতি প্রদান করা এবং সেই বিষয়ে বোধগম্যতা তৈরি করা** |
| 2.2.1. বাড়ি এবং সমাজ থেকে শিক্ষার্থীরা যাতে শিক্ষার ক্ষেত্রে সহায়তা লাভ করে তা সুনিশ্চিত করতে পিতামাতা এবং সমাজের অন্যান্য মানুষদের সাথে একটি বিশ্বস্ত সম্পর্ক গড়ে তোলা। |

| |
|---|
| **উপবিভাগ 2.3- সংস্থান রিসোর্সগুলিকে ভাগ করে নেওয়ার জন্য নিজের বিদ্যালয় এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক সম্পর্ক বজায় রাখার ক্ষমতা** |
| 2.3.1. শিক্ষার্থীদের মধ্যে শিক্ষণের অভিজ্ঞতাকে সমৃদ্ধ করার জন্য অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষকদের সাথে দৃঢ় সম্পর্ক গড়ে তোলা। |
| **উপবিভাগ 2.4- বিদ্যালয়ের ভিতরে এবং বাইরে বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা এবং জটিল পরিস্থিতি এবং প্রতিকূল পরিবেশে আলোচনার মাধ্যমে মীমাংসা করার ক্ষমতা** |
| 2.4.1. বিশ্বাস এবং ধৈর্য বজায় রেখে সম্পর্কগুলি টিকিয়ে রাখা এবং সকলে যাতে সাংবিধানিক মূল্যবোধ এবং নৈতিকতা বজায় রাখে তার ব্যবস্থা করা |
| **উপবিভাগ 2.5- সকল শিক্ষার্থীদের কথা বিবেচনা করে শিক্ষাগত লক্ষ্যগুলি পূরণ করার জন্য এবং কাজ করার উপযুক্ত পরিবেশ ও বিদ্যালয়ের সকল সদস্যদের উন্নতি সুনিশ্চিত করার জন্য প্রতিষ্ঠান যাতে দক্ষতার সাথে কার্যকারীভাবে কাজ করতে পারে তার জন্য লক্ষ্যস্থির করার এবং বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার ক্ষমতা** |
| 2.5.1 শিক্ষার্থীদের জন্য বাস্তবসম্মত লক্ষ্য নির্ধারণ করা এবং সেগুলি অর্জন করতে শিক্ষার্থীদের জন্য সহায়কপূর্ণ শিক্ষাসংস্কৃতির সৃষ্টি করা যেখানে তারা প্রত্যেকে সুরক্ষিত এবং নিজেকে মূল্যবান মনে করবে।<br>2.5.2 নিজের জন্য এবং সহকর্মীদের জন্য উৎপাদনশীল কাজের পরিস্থিতি তৈরি করে |

**মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 2: জ্ঞান এবং অনুশীলন**

| ক্ষেত্র 3: প্রতিটি শিশুর অন্তর্নিহিত অনন্য ক্ষমতাগুলিকে স্বীকৃতি প্রদান করা, চিহ্নিত করা এবং সেগুলির উন্নতিবিধান করা | | |
|---|---|---|
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **উপবিভাগ 3.1-শিশু বিকাশ এবং শিক্ষা** | | |
| **বিকাশের বিভিন্ন পর্যায় এবং ক্ষেত্রগুলির সাথে সম্পর্কিত তত্ত্বগুলি (জ্ঞানগত, ভাষাগত, সামাজিক, মানসিক এবং শারীরিক) সম্পর্কে ধারণা** | **শিক্ষার বিভিন্ন ধরনগুলিকে চিহ্নিত করতে প্রতিটি শিক্ষার্থীর উন্নতির জন্য শিশুবিকাশ সম্পর্কিত জ্ঞান ও ধারণার প্রয়োগ** | **সহকর্মীদের জন্য শিশু বিকাশ তত্ত্বের মডেল প্রয়োগ** |
| 3.1.1. শিক্ষণের ক্ষমতা এবং কৃতিত্বের পরিপ্রেক্ষিতে শ্রেণিকক্ষে বিভিন্ন চাহিদা পূরণ করা | 3.1.2. শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত বিভিন্ন চাহিদাগুলি সম্পর্কিত ধারণার ব্যবহার করা এবং পাঠ্যক্রমের পরিকল্পনা এবং পরিচালনার জন্য এই ধারণাগুলি বা জ্ঞানের সঠিকভাবে প্রয়োগ করা | 3.1.3. সহকর্মীদের, প্রতিটি শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত বিভিন্ন চাহিদাগুলিকে বুঝতে সহায়তা করা এবং এই অর্জিত জ্ঞানকে সঠিকভাবে পাঠ্যক্রমের পরিকল্পনা ও পরিচালনার ক্ষেত্রে ব্যবহার করতে সাহায্য করা |
| **উপবিভাগ 3.2-শিক্ষার্থীদের বৈচিত্র্য** | | |
| **শিক্ষার্থীদের বৈচিত্র্যের বিভিন্ন প্রকার ( যেমন- শিক্ষা শৈলী, শেখার প্রয়োজনীয়তা, আর্থ-সামাজিক অবস্থা, সংস্কৃতি, ভাষা, পারিবারিক কাঠামো, ইত্যাদি ) সম্পর্কে একটি সুস্পষ্ট ধারাণার বিকাশসাধন এবং বিদ্যালয় ও শ্রেণিকক্ষের মধ্যে সেই বৈচিত্র্যগুলিকে চিহ্নিত করা** | **শিক্ষার্থীদের বিভিন্ন চাহিদা পূরণের উদ্দেশ্যে এবং একটি অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ তৈরি করতে শিখন সংক্রান্ত রিসোর্সগুলিকে ব্যবহার করা হয়** | **শ্রেণিকক্ষ থেকে অর্জিত অভিজ্ঞতার ওপর ভিত্তি করে প্রত্যেক শিক্ষার্থীর পৃথক পৃথক চাহিদাগুলিকে শনাক্ত করা এবং সেগুলি পূরণ করার ক্ষমতা** |

| | | |
|---|---|---|
| 3.2.1. সকল শিক্ষার্থীর সাথে সমান ব্যবহার করা এবং তাদের সামাজিক, সাংস্কৃতিক, লিঙ্গ বা ধর্মীয় পরিচয় নির্বিশেষে বিদ্যালয় এবং শ্রেণিকক্ষের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করতে উৎসাহিত করা। | 3.2.2. নিজেদের বিষয় প্রসঙ্গে ব্যক্তিগত অভিজ্ঞতা ভাগ করে নিতে এবং মতামত প্রকাশ করার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করা এবং তাদের বিভিন্ন প্রকারের সংস্থান বা রিসোর্স প্রদান করা। | 3.2.3. প্রতিটি শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত চাহিদাগুলিকে চিহ্নিত করা এবং সেই অনুযায়ী শিক্ষাদাণের জন্য বিভিন্ন কৌশল অবলম্বন করা। |
| **উপবিভাগ 3.3- প্রতিবন্ধী এবং মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত চাহিদা** | | |
| **বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের প্রতিবন্ধকতার ধরনগুলি সম্পর্কে এবং তাদের বিশেষ শিখন সংক্রান্ত চাহিদা সম্পর্কে অবগত থাকা, এছাড়া মেধাবী শিশুদের চাহিদা সম্পর্কে সচেতন থাকা এবং তাদের শেখার জন্য সহায়ক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার মতো বিষয়গুলির প্রদর্শন করা** | **শ্রেণিকক্ষে বিভিন্ন শিক্ষার্থীদের বিশেষ চাহিদাগুলির চিহ্নিতকরণ এবং সেই চাহিদাগুলি পূরণ সংক্রান্ত ধারণার প্রয়োগ** | **বিশেষজ্ঞদের হস্তক্ষেপের প্রয়োজন হতে পারে এমন সব বিশেষ চাহিদাগুলিকে শনাক্ত করার ক্ষমতা এবং এই সমস্ত পরিস্থিতিতে সহকর্মীদের কীভাবে সাহায্য করা উচিত সে বিষয়ে জ্ঞান প্রদান করা** |
| 3.3.1. শ্রেণিকক্ষের পরিবেশ এবং সংস্থান বা রিসোর্সগুলিকে এমনভাবে সংগঠিত করতে হবে যাতে এগুলি প্রতিবন্ধী এবং মেধাবী শিক্ষার্থীদের জন্য সহজে ব্যবহারযোগ্য এবং সংবেদনশীল হয়।<br><br>3.3.2. শ্রেণিকক্ষে পাঠ্য কোনও বিষয় যেমন - কিছু পাঠ করতে বা অংক করতে শিক্ষার্থীদের অসুবিধা হলে ধৈর্য এবং বিবেচনার সাথে তাদের সাহায্য করা। | 3.3.3. প্রতিটি শিক্ষার্থীর প্রয়োজনের উপর ভিত্তি করে উপযুক্তভাবে বিভিন্ন রিসোর্সগুলি ব্যবহার করা এবং নির্দেশনামূলক কৌশল ব্যবহার করা।<br><br>3.3.4. শিখনমূলক প্রক্রিয়াকে সহজতর করতে শিক্ষার্থীদের পারদর্শিতানুযায়ী কৌশলগতভাবে শিক্ষার্থীদের দল (গ্রুপ) গঠন করা। | 3.3.5. বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা (IEPs) গড়ে তোলা।<br><br>3.3.6. বিশেষভাবে সক্ষম শিক্ষার্থী এবং মেধাবী শিক্ষার্থীদের চাহিদানুযায়ী পাঠ্যক্রমের অবতারণা করার জন্য শ্রেণিকক্ষকে আরও অন্তর্ভুক্তিমূলক করে তুলতে সহকর্মীদের শিক্ষা-সম্বন্ধীয় কৌশল সম্পর্কে সহায়তা করা। |

| ক্ষেত্র 4: বিষয় সম্পর্কে জ্ঞান, অনুধাবনমূলক বোধগম্যতা এবং তার প্রয়োগ | | |
|---|---|---|
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **উপবিভাগ 4.1- বিষয় সম্পর্কে জ্ঞান, অনুধাবনমূলক বোধগম্যতা এবং তার প্রয়োগ** | | |
| **সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে জ্ঞান, ধারণার প্রকাশ এবং তার প্রয়োগ বর্ণনা করা** | **অন্তঃ এবং আন্তঃবিষয়ভিত্তিক পাঠ্যক্রম সংক্রান্ত সংযোগগুলিকে প্রয়োগ করা এবং স্থানীয় ও দেশীয় জ্ঞানের একত্রীকরণ করা** | **বিষয়কেন্দ্রিক নিত্যনতুন যেসব উন্নয়ন হচ্ছে সেগুলি সম্পর্কে অবহিত থাকা এবং নিত্যনতুন ধারণাগুলিকে পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত করা** |
| 4.1.1. বিষয়বস্তু সম্পর্কে অবহিত করার জন্য বিভিন্ন কৌশল যেমন কার্যকলাপ, গল্প, পরীক্ষা ইত্যাদি ব্যবহার করা<br>4.1.2. শ্রেণিকক্ষে শিক্ষার্থী কোনও প্রশ্ন জিজ্ঞাসা করলে তার উত্তর দেওয়া এবং প্রয়োজনে বিশদে ব্যাখ্যা করা।<br>4.1.3. | 4.1.3. বর্তমান এবং পূর্ববর্তী শিক্ষাগত ধারণার মধ্যে সংযোগ স্থাপন করা।<br>4.1.4. যেখানে প্রযোজ্য সেখানে বিদ্যালয়ের অন্যান্য বিষয় এবং স্থানীয়/দেশীয় জ্ঞানের মধ্যে সংযোগ স্থাপন করা | 4.1.5. বিষয়ের পাঠ্যক্রমিক লক্ষ্য পূরণের জন্য নিত্যনতুন শিক্ষাগত কৌশল উদ্ভাবন করা।<br>4.1.6. শিক্ষণের জন্য নিয়মিতভাবে নিজ নিজ বিষয় বা অন্যান্য বিষয় সম্পর্কিত গবেষণা নিবন্ধ, জার্নাল, পত্রিকা বা সাময়িক পত্রিকার ব্যবহার করা। |

| ক্ষেত্র 5: পাঠ্যক্রম | | |
|---|---|---|
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **উপবিভাগ 5.1-পাঠ্যক্রমের রূপরেখা** | | |
| **বিভিন্ন বিষয়ে সম্পর্কিত পাঠ্যক্রম এবং পাঠ্যক্রমের রূপরেখার লক্ষ্য সম্পর্কে সুস্পষ্ট ধারণার বিকাশ** | **অন্তঃ এবং আন্তঃবিষয়ভিত্তিক পাঠ্যক্রম সংক্রান্ত সংযোগগুলি বোঝার জন্য এবং সেগুলি গড়ে তোলার জন্য সহকর্মীদের সাথে সহযোগিতা করা** | **সাম্প্রতিকতম উন্নয়ন এবং নতুন ধারণা বা জ্ঞানের কথা বিবেচনা করে পাঠ্যক্রমের সংশোধন করা এবং পরিচালনা করা** |
| 5.1.1. সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে শিক্ষাদানের লক্ষ্য এবং পাঠ্যক্রমের উদ্দেশ্য বিবেচনা করে শিক্ষাদান সম্পন্ন করা। | 5.1.2. শিক্ষার্থীদের সার্বিক শিক্ষালাভকে সক্রিয় করতে একটি নির্দিষ্ট বিষয় এবং অন্যান্য বিষয় সংক্রান্ত পাঠ্যক্রমের মধ্যে স্পষ্ট সংযোগ স্থাপন করে শিক্ষাদান সম্পন্ন করা। | 5.1.3. পরিকল্পনা এবং পরিচালনা করার জন্য বিষয় সংক্রান্ত সাম্প্রতিকতম ধারণা অন্তর্ভুক্ত করা।<br>5.1.4. পরিকল্পনা এবং পরিচালনার ক্ষেত্রে ওয়ার্কশপ বা কর্মশালা, পড়াশোনা বা অন্যান্য উৎস থেকে অর্জিত জ্ঞানকে প্রয়োগ করা |

| ক্ষেত্র 6: শিক্ষার্থীদের শিক্ষণের জন্য নির্মিত বিষয়বস্তুর উন্নীতকরণ | | |
|---|---|---|
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **উপবিভাগ 6.1- শিক্ষামূলক/ শিক্ষা সম্বন্ধীয় কৌশল এবং শিক্ষাপদ্ধতির শ্রেণিবিন্যাস** | | |
| **সাধারণ শিক্ষামূলক কৌশল, শিক্ষাব্যবস্থায় ব্যবহৃত শিখন পদ্ধতির শ্রেণিবিন্যাস এবং সাধারণ শিক্ষা সম্বন্ধীয় পদ্ধতি এবং সংস্থানগুলি (রিসোর্স) সম্পর্কে ধারণা** | **নিজস্ব বিষয়ে/শিক্ষণের ক্ষেত্রে শিখন সংক্রান্ত শ্রেণিবিন্যাস এবং শিক্ষাগত কৌশল ব্যবহার করার মাধ্যমে উন্নয়নমূলকভাবে উপযুক্ত শিক্ষণের লক্ষ্য/ফলাফল তৈরি করা।** | **আকর্ষণীয় পাঠ্যক্রম পরিকল্পনা করার ক্ষেত্রে শিখন সংক্রান্ত তত্ত্বগুলি , নির্দেশনামূলক বা শিক্ষা সম্বন্ধীয় কৌশলগুলি নির্বাচন করার জন্য এবং শিখন সংক্রান্ত শ্রেণিবিন্যাসগুলির সঠিক ব্যবহারের জন্য সহকর্মীদের পরমার্শ প্রদান করা** |
| 6.1.1. বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে ধারণা তৈরি করতে তাদের সাথে খোলাখুলিভাবে আলোচনার অবতারণা করা। | 6.1.2. শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের ওপর নিজেদের দৃষ্টিভঙ্গি বা ধারণা প্রয়োগ করে প্রশ্ন করা, আলোচনা করা এবং বিতর্ক করার জন্য উৎসাহ প্রদান করা। | 6.1.3. সহপাঠীদের সঙ্গে একত্রে শিক্ষাগ্রহণের বিষয়টিকে সহজতর করতে বিভিন্নভাবে সংগঠিত এবং অসংগঠিত পারস্পারিক যোগাযোগ ব্যবহারের ক্ষেত্রে একটি ভারসাম্য সুনিশ্চিত করার জন্য সহকর্মীদের সহায়তা করা। |
| **উপবিভাগ 6.2- পৃথকীকৃত নির্দেশনা/শিক্ষাপদ্ধতি** | | |
| **শিক্ষণের ক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে অংশগ্রহণের প্রবণতা বৃদ্ধিতে পৃথকীকৃত নির্দেশনা/শিখন সংক্রান্ত কৌশলগুলি সম্পর্কে এবং তাদের ভূমিকা সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদর্শন করা** | **শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়ায় নিয়োজিত করার জন্য পৃথক পৃথক নির্দেশের প্রয়োগ** | **শিক্ষার্থীদের মধ্যে অংশগ্রহণ করার প্রবণতা বৃদ্ধির জন্য উন্নয়নমূলকভাবে উপযুক্ত পৃথকীকৃত কার্যকলাপ এবং কৌশল তৈরির বিষয়ে পরামর্শদাতা হিসাবে সহকর্মীদের সহায়তা করা** |
| 6.2.1. পাঠ্যক্রমের উদ্দেশ্যগুলি অনুধাবন করতে শিখন - পঠন পদ্ধতি এবং কৌশলগুলির সংঘবদ্ধ ব্যবহার। | 6.2.3. একই গ্রুপ বা দলের শিক্ষার্থীদের মধ্যে যাদের শিক্ষা সংক্রান্ত ভিন্ন চাহিদা রয়েছে তাদের জন্য পৃথক প্রশ্ন/কার্যকলাপের অবতারণা করতে হবে যাতে প্রত্যেক শিক্ষার্থীকে সঠিকভাবে মূল্যায়ন করা যায়। | 6.2.5. শিক্ষার্থীরা যাতে নিজেদের মতামত ব্যক্ত করতে পারে তার জন্য পর্যাপ্ত সুযোগ সহ পৃথক পৃথক কৌশল নিয়মিতভাবে ব্যবহার করা। |
| 6.2.1. সমস্ত শিক্ষার্থীর জন্য চিন্তাশীল এবং বিবেচিত প্রতিক্রিয়া প্রদান করা। | 6.2.2. একই গ্রুপ বা দলের শিক্ষার্থীদের মধ্যে যাদের শিক্ষা সংক্রান্ত ভিন্ন চাহিদা রয়েছে তাদের জন্য পৃথক প্রশ্ন/কার্যকলাপের অবতারণা করতে হবে যাতে প্রত্যেক শিক্ষার্থীকে সঠিকভাবে মূল্যায়ন করা যায়। | 6.2.3. শিক্ষার্থীরা যাতে নিজেদের মতামত ব্যক্ত করতে পারে তার জন্য পর্যাপ্ত সুযোগ সহ পৃথক পৃথক কৌশল নিয়মিতভাবে ব্যবহার করা |

| উপবিভাগ 6.3- বুদ্ধিদীপ্ত চিন্তাভাবনা, সৃজনশীল চিন্তাভাবনা এবং উচ্চ-স্তরের চিন্তন দক্ষতার মতো জীবনে চলার পথে দক্ষতা বিকাশের জন্য ব্যবহৃত কৌশল এবং পদ্ধতি/টুল | | |
|---|---|---|
| **সাধারণ শিক্ষাগত কৌশলগুলি সম্পর্কে গূঢ় ধারণা প্রদর্শন করা যা বুদ্ধিদীপ্ত এবং সৃজনশীল চিন্তাভাবনা, এবং/অথবা অন্যান্য উচ্চতর চিন্তন দক্ষতাকে বিকশিত করে** | **এই ধরনের দক্ষতার বিকাশের জন্য উপযুক্ত শিক্ষাগত কৌশলের ব্যবহার** | **সংশ্লিষ্ট ক্ষেত্রে সাম্প্রতিক উন্নয়ন সংক্রান্ত জ্ঞানের উপর ভিত্তি করে নতুন শিক্ষাগত কৌশল তৈরি করা** |
| 6.3.1. শ্রেণিকক্ষে এমন কর্মসূচি গ্রহণ করা উচিত যা শিক্ষার্থীদের দৈনন্দিন জীবনের সমস্যা সমাধানের জন্য সহায়ক হবে।<br><br>6.3.2. শিক্ষার্থীদের সামাজিক-মানসিক চাহিদাগুলির পূরণের জন্য শ্রেণিকক্ষ সংক্রান্ত কিছু ক্রিয়াকলাপ (যেমন- মেডিটেশন, বৃত্তাকারে বসে আলোচনা) অন্তর্ভুক্ত করা। | 6.3.3. শ্রেণিকক্ষে শিক্ষার অংশ হিসাবে বিশ্লেষণ, অন্বেষণ প্রভৃতির মাধ্যমে শিশুরা যাতে শিখতে পারে তার জন্য শিশুদের নিয়মিতভাবে সুযোগ প্রদান করা।<br><br>6.3.4. শ্রেণিকক্ষের দৈনন্দিন ক্রিয়াকলাপের মধ্যে সামাজিক যোগাযোগ, মত আদান-প্রদান বা কথাবার্তা এবং সহযোগিতার মতো সামাজিক-মানসিক দক্ষতাগুলির বিকাশের বিষয়টিকে সক্রিয়ভাবে অন্তর্ভুক্ত করতে হবে। | 6.3.5. নির্দিষ্ট বিষয়ের বা অন্যান্য সমস্ত বিষয়ের ক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে বুদ্ধিদীপ্ত চিন্তন, নতুন নতুন জিনিস সম্পর্কে জানার আগ্রহ, প্রশ্ন করা, প্রতিফলন ইত্যাদি বিষয়গুলিকে সহজতর করার জন্য শিক্ষা সম্বন্ধীয় পদ্ধতিগুলির অবতারণা করা।<br><br>6.3.6. শিক্ষার্থীদের আর্থ-সামাজিক চাহিদাগুলি নিয়মিতভাবে শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করা এবং সেগুলি সম্পর্কে বিবেচনা করা। |

| ক্ষেত্র 7: শিখন সংক্রান্ত পরিকল্পনা | | |
|---|---|---|
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **উপবিভাগ 7.1- শিক্ষণের লক্ষ্য এবং উদ্দেশ্য** | | |
| **পরিমাপযোগ্য এবং অর্জনযোগ্য শিক্ষণের লক্ষ্য এবং উদ্দেশ্য সম্পর্কে ধারণা** | **পাঠ্যক্রম পরিকাঠামোর সাথে সামঞ্জস্যপূর্ণ বিষয়ের জন্য পরিমাপযোগ্য এবং অর্জনযোগ্য শিক্ষণের লক্ষ্য এবং বিষয়বস্তু নির্ধারণ করা** | **উচ্চ প্রত্যাশা এবং কঠিন কিন্তু অর্জনযোগ্য লক্ষ্য স্থির করা, শিক্ষার্থীদের বিভিন্ন চাহিদাপূরণ করা এবং তাদের সার্বিক উন্নয়নের বিষয়টি বিবেচনা করার ক্ষমতা** |
| 7.1.1. বিস্তৃত উদ্দেশ্যগুলির কথা বিবেচনা করে পাঠ পরিকল্পনা করা এবং শিখন ফলাফলগুলির জন্য ক্রিয়াকলাপ এবং মূল্যায়নকে যথাযথভাবে ব্যবহার করা। | 7.1.2. বিষয়ভিত্তিক লক্ষ্য এবং উদ্দেশ্যগুলি অর্জনের জন্য শিক্ষণের ফলাফলগুলিকে সমন্বিত করা। | 7.1.3. প্রয়োজনানুযায়ী, শিক্ষণের নির্দিষ্ট ফলাফলগুলিকে বিবেচনা করার সময় স্থানীয় প্রেক্ষাপট এবং শিক্ষার্থীদের চাহিদা অনুসারে পাঠ এবং কৌশলগুলিকে প্রাসঙ্গিক করে তোলা হয়। |

| | | |
|---|---|---|
| **উপবিভাগ 7.2- শিখন সংক্রান্ত অভিজ্ঞতা অর্জনের পরিকল্পনা** | | |
| **শিক্ষণের একটি নির্দিষ্ট উদ্দেশ্যপূরণের জন্য একটি শিখন সংক্রান্ত পরিকল্পনা গঠনের ক্ষমতা** | **প্রত্যেকটি শিক্ষার্থীর চাহিদাগুলি বিবেচনা করে পৃথকীকৃত শিখন সংক্রান্ত পরিকল্পনার অবতারণা করা।** | **পাঠ্যক্রমের উপর ভিত্তি করে আন্তঃসংযুক্ত শিখন পরিকল্পনার একটি ক্রমপর্যায় তৈরি করার ক্ষমতা।** |
| 7.2.3. বিষয়বস্তু, ফলাফল, ক্রিয়াকলাপ এবং মূল্যায়নমূলক কৌশলগুলির বিশদ বিবরণ সহ সর্বাঙ্গীণ পাঠ প্রস্তুত করা। | 7.2.4. অতিরিক্ত সহায়তার প্রয়োজন এমন শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট কার্যকলাপ এবং পদ্ধতি/ রিসোর্সের ব্যবস্থা করা হয় (যেমন, পড়তে অসুবিধা হয় এমন শিক্ষার্থীদের জন্য সহজ পাঠ্যের অবতারণা করা)। | 7.2.5. শিশুরা কীভাবে একটি বিষয় সম্পর্কে জ্ঞান অর্জন করে এবং সেক্ষেত্রে তাদের পূর্ববর্তী শ্রেণির শিখন প্রক্রিয়া কীভাবে সাহায্য করে তার উপর ভিত্তি করে পাঠ পরিকল্পনা করার মাধ্যমে ক্রমানুসারে বিষয়বস্তু এবং অধ্যায়গুলিকে সাজানো। |
| **ক্ষেত্র 8: শিক্ষণের, শিক্ষণের জন্য এবং শিখন হিসাবে মূল্যায়ন** | | |
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **উপবিভাগ 8.1- মূল্যায়নের জন্য ব্যবহৃত কৌশল** | | |
| **বিভিন্ন ধরনের মূল্যায়ন সংক্রান্ত কৌশল এবং টুল বা পদ্ধতিগুলির ধারণা** | **শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে উপযুক্ত মূল্যায়ন কৌশল নির্বাচন করা** | **সাংগঠনিক, রাজ্য এবং জাতীয় স্তরে মূল্যায়ন নীতি প্রয়োগের মাধ্যমে জ্ঞান প্রদর্শন করা** |
| 8.1.1. শিক্ষার্থীদের মূল্যায়ন করার জন্য শ্রেণিকক্ষের মধ্যে পর্যবেক্ষণ করা, প্রশ্ন জিজ্ঞাসা করা এবং খাতায় লেখার (অধ্যায়ের শেষের প্রশ্ন) মতো কৌশলগুলি ব্যবহার করা।<br><br>8.1.2. শিক্ষণ-পঠনমূলক প্রক্রিয়া চলাকালীন শিক্ষার্থীদের বিশদে ব্যাখ্যা করে উত্তর দিতে হবে এমন সকল প্রশ্ন করা ( ওপেন-এনডেড কোয়েশ্চন)। | 8.1.3. শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত প্রয়োজনীয়তা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন পদ্ধতি যেমন প্রোজেক্ট, উপস্থাপনা, পোর্টফোলিও, পরীক্ষা, কুইজ, সমীক্ষা, কেস স্টাডি ইত্যাদি ব্যবহার করা হয়।<br><br>8.1.4. একটি নির্দিষ্ট বিষয়ে শিক্ষার্থীরা কতটা জানে বা কতটা বুঝেছে তা নির্ধারণ করার জন্য শিক্ষার্থীদের সাথে আলোচনা শুরু করা। | 8.1.5. প্রাসঙ্গিক নীতি নথিতে নির্দেশিত শ্রেণিকক্ষে মূল্যায়নের সর্বোত্তম অনুশীলন প্রয়োগ করা।<br><br>8.1.6. শ্রেণিকক্ষে শিক্ষণের জন্য মূল্যায়ন এবং শিক্ষণ হিসাবে মূল্যায়নকে সক্রিয়ভাবে অন্তর্ভুক্ত করা। |

| উপবিভাগ 8.2- মূল্যায়ন সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|
| **মূল্যায়ন সংক্রান্ত তথ্য থেকে শিক্ষার্থীদের অন্তর্দৃষ্টি সম্পর্কে সম্যক ধারণা** | **লক্ষ্য নির্ধারণ করতে এবং শিক্ষণের পরিকল্পনা তৈরি করতে মূল্যায়ন সংক্রান্ত তথ্যগুলির ব্যবহার** | **শিক্ষার্থী/শ্রেণিকক্ষের কার্যকারিতা সম্পর্কে একটি দৃঢ় ধারণা তৈরি করতে এবং উপযুক্ত প্রতিকারের মাধ্যমে শিক্ষাপদ্ধতিকে সহায়তা করতে একাধিক মাধ্যম থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করা** |
| 8.2.1. শ্রেণিকক্ষের শিক্ষাব্যবস্থায় সাধারণ সমস্যা এবং বিকল্প ধারণাগুলিকে চিহ্নিত করতে এবং সেগুলি সম্পর্কে বিবেচনা করতে মূল্যায়ন সংক্রান্ত তথ্য ব্যবহার করা৷ | 8.2.2. শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত নির্দিষ্ট চাহিদাগুলির উপযুক্ত পাঠ পরিকল্পনা এবং শিক্ষা-সম্বন্ধীয় পদ্ধতির সঠিক সংশোধন করতে মূল্যায়ন সংক্রান্ত তথ্যের ব্যবহার৷ | 8.2.3. নির্দেশনা এবং পরিকল্পনার উন্নতির ক্ষেত্রগুলি শনাক্ত করতে একাধিক মূল্যায়ন ব্যবহার করে সংগৃহীত শিক্ষার্থী শিখন সম্বন্ধিত তথ্য সংশ্লেষিত করা হয়৷<br><br>8.2.4 নির্দেশনা এবং পরিকল্পনার উন্নতির ক্ষেত্রগুলি চিহ্নিত করা হয় এবং নির্দিষ্ট হস্তক্ষেপের জন্য পরিকল্পনা করা হয় |
| **উপবিভাগ 8.3- যোগাযোগ করা এবং প্রতিক্রিয়া প্রদান করা** | | |
| **শিক্ষার্থী, পিতামাতা এবং পরিচর্যাকারীদের ব্যক্তিদের সাথে শিক্ষার্থীদের কর্মক্ষমতার তথ্য নিয়ে আলোচনা করুন৷** | **শিক্ষার্থীদের কর্মক্ষমতার উপর ভিত্তি করে তাদের পিতামাতা বা পরিচর্যাকারীদের কাছে নির্দিষ্ট প্রতিক্রিয়া প্রদান করা হয়৷** | **শিক্ষার্থীদের শিক্ষাগ্রহণ সম্পর্কে সঠিক পথে চালনা করার জন্য পিতামাতা এবং সম্প্রদায়ের অন্যান্য সদস্যদের সাথে সমন্বয়সাধন করা৷** |
| 8.3.1. তাদের কাজগুলি পরীক্ষা করার সময় বা তাদের উত্তরের প্রতি প্রতিক্রিয়া প্রদান করার সময় শিক্ষার্থীদের নির্দিষ্ট গুণের কথা উল্লেখ করে প্রতিক্রিয়া প্রদান করা৷<br><br>8.3.2. স্কুল কর্তৃক আয়োজিত PTA মিটিংয়ে প্রধানত তাদের নম্বর এবং শ্রেণীকক্ষে তাদের অংশগ্রহণের পরিপ্রেক্ষিতে পিতামাতা এবং পরিচর্যাকারীদের সাথে তাদের শিশুদের কার্যক্ষমতা নিয়ে আলোচনা করা৷ | 8.3.3. নিয়মিতভাবে উন্নতির জন্য নির্দিষ্ট পরামর্শ সহ তাদের নিজস্ব কর্মক্ষমতা সম্পর্কে প্রত্যেক শিক্ষার্থীকে বিস্তারিত প্রতিক্রিয়া প্রদান করা হয়৷<br><br>8.3.4. শিক্ষার্থীর কর্মক্ষমতার ওপর ভিত্তি করে পিতামাতা/পরিচর্যাকারীদের সঙ্গে নির্দিষ্ট এবং বিশদ প্রতিক্রিয়া ভাগ করে নেওয়া৷ | 8.3.5. সক্রিয়ভাবে শিক্ষার্থীদের আত্ম - মূল্যায়ন এবং সহপাঠী কর্তৃক মূল্যায়নের মাধ্যমে নিজেদের কর্মক্ষমতাকে অনুধাবন করতে উৎসাহিত করা৷<br><br>8.3.6. পিতামাতা/পরিচর্যাকারীরা বাড়ির পরিবেশে কীভাবে তাদের সন্তানদের শিক্ষাদান করবে সে সম্পর্কে সুনির্দিষ্ট এবং সুবিবেচিত নির্দেশিকা প্রদান করা৷ |

| ক্ষেত্র 9: শিক্ষাব্যবস্থায় প্রযুক্তির ব্যবহার ও একীভবন | | |
|---|---|---|
| সুদক্ষ/প্রবীণ শিক্ষক | উন্নত শিক্ষক | অভিজ্ঞ/কুশল শিক্ষক |
| **শিক্ষাব্যবস্থায় প্রযুক্তির ভূমিকা সংক্রান্ত ধারণা** | **শিক্ষকতা, পঠন, মূল্যায়ন এবং শ্রেণিকক্ষ সংক্রান্ত ব্যবস্থাপনার সহায়ক ICT টুল ব্যবহার করা** | **নিজের জন্য এবং সহকর্মীদের জন্য শিক্ষণ-পঠনমূলক প্রক্রিয়াকে সহায়তা করার জন্য উপযুক্ত প্রযুক্তিগত সংস্থান বা রিসোর্স তৈরি করা** |
| 9.1 শিক্ষকতা সংক্রান্ত তত্ত্বগুলির কার্যকারিতার উন্নতিসাধন করতে পারবে এরূপ উপযুক্ত ICT সংস্থানগুলির (রিসোর্স) শনাক্তকরণ করা। | 9.2 শিক্ষা সংক্রান্ত অনুশীলন এবং মূল্যায়ন সংক্রান্ত অনুশীলনকে সৃজনশীলভাবে সংশোধন করার জন্য সম্প্রতি বিদ্যমান ICT সংস্থানগুলিকে (রিসোর্স) কার্যকরীভাবে গ্রহণ করা। | 9.3 নিজের এবং সহকর্মীদের মধ্যে শিক্ষণ - পঠনমূলক কার্যক্রমকে সহায়তা করার জন্য নিজস্ব ICT রিসোর্স তৈরি করা। |
| **ক্ষেত্র 10: শ্রেণিকক্ষে ব্যবহৃত উপাদানসমূহ এবং গতিশীলতা** | | |
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| SD 10.1 - **শিক্ষার পরিবেশ যা সুরক্ষিত, যত্নশীল এবং সহায়ক** | | |
| **একটি সুরক্ষিত এবং অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ গঠনের জন্য সুযোগ-সুবিধা এবং সংস্থানগুলি (রিসোর্স) সংগঠিত করা** | **একটি অন্তর্ভুক্তিমূলক এবং সহায়ক শিক্ষার পরিবেশ গড়ে তোলা যার মাধ্যমে শিক্ষার্থীরা নির্ভয়ে তাদের মতামত ব্যক্ত করতে পারবে** | **একটি সুরক্ষিত এবং অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ গড়ে তোলার কাজে শিক্ষার্থীদের নিযুক্ত করা** |
| 10.1.1 শ্রেণিকক্ষের কার্যকারিতার জন্য নির্দিষ্ট রুটিন এবং পদ্ধতি স্থির করা। | 10.1.3 শিক্ষার্থীদের পরামর্শগুলি বিবেচনা করে শ্রেণিকক্ষের জন্য একটি নমনীয় রুটিন স্থির করা। | 10.1.5 শিক্ষার্থীদের নেতৃত্বে, শিক্ষক এবং শিক্ষার্থী মিলিতভাবে শ্রেণিকক্ষের রুটিন তৈরি করা |
| 10.1.2 শ্রেণিকক্ষে একটি চাপমুক্ত পরিবেশ সুনিশ্চিত করা যা শিক্ষার্থীদের গতিবিধি, কথোপকথন এবং যোগাযোগ করার ক্ষমতাকে উৎসাহিত করে। | 10.1.4 দৈনন্দিন বিষয়গুলি (যেমন, উদ্বেগজনক অনুভূতি, উত্পীড়নের সমস্যা, বিশ্বাস তৈরি করা ইত্যাদি) সম্পর্কে খোলাখুলিভাবে মতামত আদান-প্রদান করতে এবং আলোচনা করতে শিক্ষার্থীদের উৎসাহিত করা। | 10.1.6 মিলিতভাবে সেই সকল নিয়মগুলি তৈরি করা যেগুলি একটি শ্রেণিকক্ষকে সুরক্ষিত, অন্তর্ভুক্তিমূলক এবং সকলের জন্য উপযযুক্ত শ্রেণিকক্ষে পরিণত করে। |
| **উপবিভাগ 10.2 - শ্রেণিকক্ষ সংক্রান্ত ব্যবস্থাপনা** | | |
| **শ্রেণিকক্ষ সংক্রান্ত ব্যবস্থাপনা সম্পর্কিত জ্ঞান এবং সেগুলি ব্যবহার করার ক্ষমতা প্রদর্শন করা** | **শিক্ষার্থীর আচরণের বিভিন্নতাকে বোঝা এবং সেগুলিকে মেনে নেওয়া** | **শিক্ষার্থীদের মধ্যে আত্ম- শৃঙ্খলাবদ্ধ ব্যক্তিগত দায়িত্ববোধ এবং নেতৃত্ব প্রদান করার ক্ষমতা বিকশিত করা (রোল মডেল)** |
| 10.2.1 শ্রেণিকক্ষে নিজস্ব নিয়ম এবং নীতি স্থির করা এবং প্রয়োজনে শিক্ষার্থীদের আচরণবিধির দিকে লক্ষ্য রাখা এবং তা সংশোধন করা। | 10.2.2 ছাত্রদের আচরণকে তৎসংলগ্ন প্রেক্ষাপটের সাথে সংযুক্ত করা এবং যথাযথভাবে প্রতিক্রিয়া প্রদান করা। | 10.2.3. সমতার সাথে শিক্ষার্থীদের সঙ্গে মিলিতভাবে প্রত্যাশা বা আকাঙ্ক্ষাগুলিকে গড়ে তোলা এবং শিক্ষার্থীরা যাতে নিজেরাই সেই আকাঙ্ক্ষাগুলি সংক্রান্ত সিদ্ধান্তগ্রহণ করতে পারে সেই জন্য তাদের উৎসাহিত করা। |

| উপবিভাগ 10.3 - শ্রেণিকক্ষে কার্যকরী যোগাযোগ ব্যবস্থা | | |
|---|---|---|
| **শ্রেণিকক্ষে বিভিন্ন মৌখিক এবং অ-মৌখিক পদ্ধতিতে যোগাযোগ বা কথোপকথনের কৌশলগুলি বোঝার ক্ষমতা অর্জন করা** | **শিক্ষণকে অংশগ্রহণমূলক করতে বিভিন্ন মৌখিক এবং অ-মৌখিক শ্রেণিকক্ষে যোগাযোগ/কথোপকথন সংক্রান্ত কৌশল ব্যবহার করা হয় এবং সেগুলির জন্য নিজের প্রতিক্রিয়া জানানো** | **সহকর্মীদের শ্রেণিকক্ষে তাঁদের যোগাযোগের উন্নতিতে সহায়তা/নির্দেশনা করতে গঠনমূলক প্রতিক্রিয়া প্রদান করা** |
| 10.3.1 উপযুক্ত মৌখিক এবং অ-মৌখিক যোগাযোগ/কথোপকথনের কৌশল যেমন চোখের দিকে তাকানো, অঙ্গভঙ্গি, নির্দেশনা ইত্যাদি প্রদর্শন করা। | 10.3.2 শিক্ষার্থীদেরকে অংশগ্রহণের জন্য উৎসাহিত করতে বিভিন্ন উপযুক্ত মৌখিক এবং অ-মৌখিক কথোপকথনের কৌশল ব্যবহার করা।<br>10.3.3 প্রত্যেক শিক্ষার্থীর অ-মৌখিক কথোপকথনকে ব্যাখ্যা করা এবং শিক্ষাদানের সময় নিজের যোগাযোগ/কথোপকথন সংক্রান্ত কৌশলগুলির মধ্যেই প্রয়োজনানুসারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা। | 10.3.4. শ্রেণিকক্ষের কার্যকরী যোগাযোগ/কথোপকথন সংক্রান্ত কৌশলগুলিকে বাস্তবায়িত করতে সহকর্মীদের সহায়তা করা। |
| **উপবিভাগ 10.4 - ভাষার বৈচিত্র্য এবং বহুভাষিকতা** | | |
| **ভাষাগত বৈচিত্র্য নির্বিশেষে সকল শিক্ষার্থীকে শিক্ষাব্যবস্থার অন্তর্ভুক্ত করা এবং সেই নির্দিষ্ট ভাষা/ভাষাগুলিতে দক্ষতা অর্জন করা** | **পাঠদান এবং শেখার সুবিধার্থে ক্লাসে বহুভাষিকতা প্রয়োগের মাধ্যমে সহকর্মীদের সমর্থন করা হয়** | **সহকর্মীদের মধ্যে শিক্ষাদান এবং শিক্ষাগ্রহণের সুবিধার্থে বহুভাষিকতার ব্যবহারকে সমর্থন করা** |
| 10.4.1. শ্রেণিকক্ষে শিক্ষাদানের সময় বা মত বিনিময়ের সময় প্রয়োজন অনুযায়ী শিক্ষার মাধ্যম হিসাবে ব্যবহৃত ভাষা থেকে স্থানীয় ভাষায় বা স্থানীয় ভাষা থেকে শিক্ষার মাধ্যম হিসাবে ব্যবহৃত ভাষায় শিক্ষাদান করা। | 10.4.2. ভাষাগতভাবে বৈচিত্র্যময় একটি শ্রেণিকক্ষে কোন কৌশলগুলি অবলম্বন করা উচিত সেই বিষয়ের সহকর্মীদের পরামর্শ দান করা। | 10.4.3. শ্রেণিকক্ষে অনুশীলনের মাধ্যমে, নিবন্ধ লেখার মাধ্যমে, সহপাঠীদের মধ্যে পারস্পরিক আলোচনা ইত্যাদির মাধ্যমে আরও ভালোভাবে শেখার জন্য বহুভাষিক শিক্ষা সম্বন্ধীয় পদ্ধতির প্রয়োজনীয়তা বর্ণনা করা। |

**মানদণ্ড (স্ট্যান্ডার্ড) 3: পেশাগত উন্নতি এবং বিকাশ**

| ক্ষেত্র 11 : শিক্ষা সংক্রান্ত চাহিদা | | |
|---|---|---|
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **শিক্ষা সংক্রান্ত চাহিদাগুলি শনাক্ত করা এবং শিক্ষকের নিজের পেশাগত উন্নয়নের লক্ষ্যগুলি নির্ধারণ করা** | **স্টেকহোল্ডারদের কাছ থেকে প্রাপ্ত ইনপুটগুলির উপর ভিত্তি করে একটি পেশাগত উন্নয়ন পরিকল্পনা তৈরি করা** | **সহকর্মীদের পেশাগত উন্নয়ন সংক্রান্ত পরিকল্পনা করা এবং সুযোগ প্রদান করা** |
| 11.1. উন্নয়নের বিস্তৃত ক্ষেত্রগুলিকে অনুধাবন করার জন্য পরিকল্পনা চিহ্নিত করা | 11.3. উন্নয়নের ক্ষেত্রগুলিকে অনুধাবন করার জন্য কর্ম সহায়হ গবেষণা ( অ্যাকশন রিসার্চ) এবং অন্যান্য সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা। | 11.5. সহকর্মীদের তাদের শিখন সংক্রান্ত চাহিদাগুলিকে চিহ্নিত করার জন্য এবং সেই চাহিদাগুলি পূরণের জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য পরামর্শ দান করা। |

| | | |
|---|---|---|
| 11.2. শিখন সংক্রান্ত নির্দিষ্ট চাহিদা অনুযায়ী ওয়ার্কশপ বা কর্মশালা, সভা, প্রশিক্ষণ, সেমিনার, কনফারেন্স প্রভৃতির অন্বেষণ করা। | 11.4. নিবন্ধ, বই, বইয়ের অধ্যায়, পিয়ার রিভিউড পাবলিকেশনে লেখা এবং/অথবা/ অবদান রাখা। | 11.6. পত্রিকাতে নিবন্ধ লেখার জন্য এবং সহায়ক গবেষণা (অ্যাকশন রিসার্চ ) পদ্ধতি গ্রহণ করার জন্য সহকর্মীদের পরামর্শ দান করা। |
| **ক্ষেত্র 12: প্রতিফলিত অনুশীলন** | | |
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **প্রতিফলিত অনুশীলন সংক্রান্ত ধারণার বর্ণনা করা** | **নিজস্ব শিখন সংক্রান্ত অনুশীলন সংশোধন করতে প্রতিফলিত অনুশীলন ব্যবহার করা** | **প্রতিফলিত অনুশীলন প্রয়োগ করার ক্ষেত্রে সহকর্মীদের সহয়তা/পরামর্শ প্রদান করা** |
| 12.1. নিজের অনুশীলনের দক্ষতা বা সামর্থ্য এবং দুর্বলতা সম্পর্কে আলোচনা করা।<br>12.2. প্রতিটি শিক্ষার্থীর দক্ষতা বা সামর্থ্য এবং তার দুর্বলতা সম্পর্কে আলোচনা করা। | 12.3. শিক্ষার্থীদের শিখন সংক্রান্ত চাহিদাগুলি বিবেচনা করে পাঠের পরিকল্পনা এবং শ্রেণিকক্ষে পঠন -পাঠন সংক্রান্ত কৌশলগুলি সম্পর্কে ভাবনাচিন্তাগুলিকে নথিবদ্ধ করা।<br>12.4. শ্রেণিকক্ষে শিক্ষাদান ও শিক্ষাগ্রহণকে আরও উন্নত করার উদ্দেশ্যে অনুশীলন বা শিক্ষাপদ্ধতির পরিবর্তন করার জন্য একাধিক পন্থা অবলম্বন করা। | 12.5. প্রতিফলিত অনুশীলনের জন্য সহকর্মীদের পরামর্শ দান করা।<br>12.6. বর্তমানে প্রচলিত শিক্ষাপদ্ধতির জন্য সহকর্মীদের নিয়ে একটি সহায়ক গ্রুপ বা দল গঠন করার উদ্যোগ গ্রহণ করা। |
| **ক্ষেত্র 13: শিখন সংক্রান্ত একটি সম্প্রদায়ে নিযুক্ত হওয়া এবং অংশগ্রহণ করা** | | |
| **সুদক্ষ/প্রবীণ শিক্ষক** | **উন্নত শিক্ষক** | **অভিজ্ঞ/কুশল শিক্ষক** |
| **বিদ্যালয়ের ভিতরে এবং বাইরে উভয় পরিবেশে শিখন সংক্রান্ত কর্মসূচিতে অংশগ্রহণ করা।** | **কনফারেন্স, সেমিনার বা ওয়েবিনারে তাদের গবেষণা এবং শিক্ষণ বিষয়ক ধারণা উপস্থাপন করা।** | **বিদ্যালয়ের মধ্যে শিক্ষা সংক্রান্ত সম্প্রদায় বা কমিউনিটি শুরু করা এবং পেশাগত উন্নয়ন সংক্রান্ত সেশনের আয়োজন করা।** |
| 13.1. বিভিন্ন উৎসগুলি ব্যবহার করা বা বিদ্যালয়ের ভিতরে ও বাইরে উভয় পরিবেশে শেয়ার্ড লার্নিং সংক্রান্ত সুযোগগুলির জন্য বিভিন্ন প্ল্যাটফর্মে বা কর্মসূচিতে অংশগ্রহণ করা।<br>13.2. প্রধানত একজন অংশগ্রহণকারী বা পর্যবেক্ষকের সামর্থ্য অনুযায়ী পেশাগত শিক্ষাগ্রহণ এবং অন্বেষণ বর্ধনকারী সংশ্লিষ্ট অনুষ্ঠানগুলিতে অংশগ্রহণ করা। | 13.3. রাজ্যস্তরের কনফারেন্স/সেমিনারে নিয়মিতভাবে নিজস্ব গবেষণা, শ্রেণিকক্ষ সংক্রান্ত পরীক্ষা-নিরীক্ষা ইত্যাদির উপস্থাপনা করা।<br>13.4. জাতীয় পর্যায়ের কনফারেন্স/সেমিনারে নিজস্ব গবেষণা, শ্রেণিকক্ষ সংক্রান্ত পরীক্ষা-নিরীক্ষা ইত্যাদির উপস্থাপনা করা। | 13.5. সহকর্মীদের শিক্ষাগ্রহণের বিষয়টিকে উন্নীত করতে যৌথভাবে ওয়ার্কশপ বা কর্মশালা, সভা, প্রশিক্ষণ, সেমিনার, কনফারেন্স ইত্যাদির আয়োজন করা।<br>13.6. প্রতিবেশী বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে গঠিত শিক্ষা সংক্রান্ত একটি সম্প্রসারিত সম্প্রদায়ের উন্নতিসাধনের উদ্দেশ্যে কাজ করা। |

# 7. এনপিএসটি-তে এনসিটিকিউ-এর জন্য ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার প্ল্যান




## এনপিএসটি-তে কাজের সুযোগ বৃদ্ধির জন্য প্রস্তাবিত উপাদানসমূহ

- **এনপিএসটি পোর্টাল ক্রিয়েশন**

  শিক্ষকের ভাণ্ডার, শিখন সংক্রান্ত বিষয়ের ভাণ্ডার (লার্নিং রিপোজিটরি), শংসাপত্র ব্যবস্থাপনা, এনপিএসটি-এর মূল্যায়ন (আত্ম মূল্যায়ন বা পরামর্শদাতা কর্তৃক মূল্যায়ন), বাস্তবায়নের জন্য এনপিএসটি ডিজিটাল স্কীম, প্রতিষ্ঠান এবং কর্মসূচির ব্যবস্থাপনা, DIKSHA/NISHTHS-এর সাহায্যে স্ব-শিখন পরিষেবা, শিক্ষণ/প্রশিক্ষণ/CPD সংক্রান্ত বিষয়ের প্রমাণ সংক্রান্ত সংগ্রহশালা ( বা রিপোজেটরি), প্রতিটি ক্ষেত্রে শিক্ষকদের মান এবং ধারণা বৃদ্ধির জন্য ই-পোর্টফোলিওয়ের অবতারণা করা, বিভিন্ন বিষয়ে শিক্ষকদের দক্ষতা ও কার্যক্ষমতার মান পুনরুদ্ধারের জন্য ব্যবস্থাপনা, আত্ম-মূল্যায়নের জন্য ব্যবহৃত সরঞ্জাম/টুল, শিক্ষক সম্পর্কিত তথ্য নথিবদ্ধ করার জন্য ডেটাবেশ উন্নত করা।

- **এনপিএসটি -এর বাস্তবায়ন এবং পর্যবেক্ষণমূলক সফটওয়্যার**
  - রাজ্য এবং জাতীয়স্তরে NPST-এর বাস্তবায়নের জন্য নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণ ব্যবস্থা
  - শিক্ষকদের ধারাবাহিক পেশাগত উন্নয়ন ট্র্যাকার
  - শিক্ষকদের পরামর্শদানের জন্য ডিজিটাল প্ল্যাটফর্ম
  - ধারাবাহিক পেশাগত উন্নয়নের জন্য স্ব-নিয়ন্ত্রিত কোর্স
  - ওয়েব এবং অ্যাপভিত্তিক শিখন সমাধান
  - রাষ্ট্রীয় ভাণ্ডার নির্মাণ
  - কর্মরত/চাকুরিরত শিক্ষক
  - শিখন সংক্রান্ত তথ্য বা বিষয় ট্র্যাকিং
- **বিষয়বস্তু পরিচালনা এবং তথ্য আদান প্রদান**
- **ডিজিটাল ব্যবস্থাপনা এবং সংযোগ**
  - টার্গেট গ্রুপ/অংশগ্রহণকারীদের সঙ্গে তাতক্ষণিক যোগাযোগের জন্য ডিজিটাল কনফারেন্সিং প্ল্যাটফর্ম

চিত্র-6 এনপিএসটি-তে এনসিটিকিউ-এর ডিটিজাল ডেভালপমেন্ট প্ল্যানের বর্ণন




চিত্র 7 ডিজিটাল স্কীমের বর্ণন




চিত্র 8 পাইলট স্টাডির বাস্তবায়ন সম্পর্কিত বর্ণন

# চিত্র তালিকা


| ক্রমিক সংখ্যা. | চিত্র | পৃষ্ঠা |
|---|---|---|
| 1. | শিক্ষক প্রস্তুতির বর্ণন | 7 |
| 2. | পেশাগত মানদণ্ড এবং কর্মদক্ষতার বর্ণন | 13 |
| 3. | মূল মূল্যবোধ এবং নৈতিকতার বর্ণন | 14 |
| 4. | জ্ঞান ও অনুশীলন সংক্রান্ত বর্ণন | 15 |
| 5. | পেশাগত উন্নতি এবং বিকাশ সংক্রান্ত বর্ণন | 15 |
| 6. | এনপিএসটি-তে এনসিটিকিউ-এর ডিটিজাল ডেভোলপমেন্ট প্ল্যানের বর্ণন | 35 |
| 7. | ডিজিটাল স্কীমের  বর্ণন | 36 |
| 8. | পাইলট স্টাডি বাস্তবায়ন সংক্রান্ত বর্ণন | 36 |

# শব্দ সংক্ষেপ

| | | |
|---|---|---|
| ACR | Annual Confidential Report | অ্যানুয়াল কনফিডেনসিয়াল রিপোর্ট |
| APR | Annual Performance Appraisal | অ্যানুয়াল পারফর্মেন্স আপ্রেসাল |
| CPD | Continuous Professional Development | কন্টিন্যুয়াস প্রফেশানাল ডেভেলপমেন্ট |
| DIET | District Institute of Education & Training | ডিস্ট্রিক্ট ইনস্টিটিউট অফ এডুকেশান অ্যান্ড ট্রেনিং |
| DPEP | District Primary Education Project | ডিস্ট্রিক্ট প্রাইমারি এডুকেশান প্রোজেক্ট |
| FLN | Foundational Literacy and Numeracy | ফাউন্ডেশানাল লিটারেসি অ্যান্ড নিউমেরেসি |
| GoI | Government of India | গভর্নমেন্ট অফ ইন্ডিয়া |
| ICT | Information and Communication Technology | ইনফরমেশান অ্যান্ড কমিউনিকেশান টেকনোলোজি |
| INSET | Inservice Education and Training | ইন সার্ভিস এডুকেশান অ্যান্ড ট্রেনিং |
| JNVS | Jawahar Navodaya Vidyalaya Samiti | জওহর নবোদয় বিদ্যালয় সমিতি |
| KVS | Kendriya Vidyalaya Sangathan | কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন |
| MoE | Ministry of Education | মিনিস্ট্রি অফ এডুকেশান |
| NCTE | National Council for Teacher Education | ন্যাশানাল কাউন্সিল ফর টিচার এডুকেশান |
| NCERT | National Council of Educational Research & Training | ন্যাশানাল কাউন্সিল অফ এডুকেশানাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং |
| NCFTE | National Curriculum Framework for Teacher Education | ন্যাশানাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক ফর টিচার এডুকেশান |
| NCTQ | National Centre for Teacher Quality | ন্যাশানাল সেন্টার ফর টিচার কোয়ালিটি |
| NEP 2020 | National Education Policy ২০২০ | ন্যাশানাল এডুকেশান পলিসি 2020 |
| NIEPA | National Institute for Educational Planning and Administration | ন্যাশানাল ইনস্টিটিউট ফর এডুকেশানাল প্ল্যানিং অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশান |
| NPST | National Professional Standards for Teachers | ন্যাশানাল প্রফেশানাল স্ট্যান্ডার্ড ফর টিচার্স |
| NMM | National Mission for Mentoring | ন্যাশানাল মিশন ফর মেন্টরিং |
| PI | Performance Indicator | পারফর্মেন্স ইন্ডিকেটর |
| PSTE | Pre-service Teacher Education | প্রি-সার্ভিস টিচার এডুকেশান |
| RIE | Regional Institute of Education | রিজিওনাল ইনস্টিটিউট অফ এডুকেশান |
| RPL | Recognition of Prior Learning | রিকগনিশন অফ প্রায়র লার্নিং |
| RTE | Right to Education | রাইট ট্যু এডুকেশান |
| SCERT | State Council of Educational Research & Training | স্টেট কাউন্সিল অফ এডুকেশান রিসার্চ অ্যান্ড ট্রেনিং |
| SSA | Sarva Shiksha Abhiyan | সর্ব শিক্ষা অভিযান |
| TEI | Teacher Education Institution | টিচার এডুকেশন ইনস্টিটিউশন |
| TEP | Teacher Education Programme | টিচার এডুকেশন প্রোগ্রাম |
| TET | Teacher Eligibility Test | টিচার এলিজিবিলিটি টেস্ট |

# গ্রন্থবিবরণী


- Australian Institute for Teaching and School Leadership. (2018). Australian Professional Standards for Teachers.
  https: /www.aitsl.edu.au/docs/default-source/national-policy-framework/australian-professional-standards-for-teachers.pdf
- Department of Education. (2021). Teachers' Standards: Guidance for School Leaders, School Staff and Governing Bodies.
  https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/1040274/Teachers_Standards_Dec_2021.pdf
- Education International and UNESCO. (2019). Global Framework of Professional Teaching Standards.
  https://issuu.com/educationinternational/docs/2019_ei-unesco_framework
- Government of India (2020a). National Education Policy 2020.
  https://www.education.gov.in/sites/upload_files/mhrd/files/NEP_Final_English_0.pdf
- Government of India. (2022b). The constitution of India.
  https: /cdnbbsr.s3waas.gov.in/s380537a945c7aaa788ccfcdf1b99b5d8f/uploads/2023/05/2023050195.pdf
- National Commission on Teachers. (1986). The Teacher and Society: Report of the National Commission on Teachers-I.
- National Council for Teacher Education. (2009). National Curriculum Framework for Teacher Education. New Delhi: NCTE.
- National Council of Educational Research and Training. (2005). National Curriculum Framework 2005. NCERT.
- National Council of Educational Research and Training. (2019). Teacher's Self-Assessment. https://ncert.nic.in/pdf/announcement/TSAR.pdf
- National Qualifications Authority. (2021). Teacher Standards for the UAE.
  https://tls.moe.gov.ae/Downloads/SNSC%20standards%20teachers%20English.pdf
- The Right to Free and Compulsory Education Act. (2009). (Gazette Extraordinary), Ministry of Law and Justice, Government of India, New Delhi.
  https: /righttoeducation.in/sites/default/files/Right%20of%20Children%20to%20Free%20and%20Compulsory%20Education%20Act%202009%20(English).pdf
- Verma, J.S. (2013). Report of the Committee on Amendments to Criminal Law, 2013. New Delhi.
  https://adrindia.org/sites/default/files/Justice_Verma_Amendmenttocriminallaw_Jan2013.pdf

By e-mail / Hand / Speed Post / Fax

**NCTE-Acad013/2/2021-O/o US(Acad.)-HQ** 31st August 2021

**OFFICE ORDER (Revised)**

It is decided to constitute a committee of the following members on National Professional Standards for Teachers (NPST) within NCTE. The committee would examine the relevance of para 5.20 of NEP 2020 and devise an appropriate strategy for developing & designing a National document on NPST.

| Sl. No. | Name & Address | Designation |
|---|---|---|
| 1. | Prof. CK Saluja, (Rtd). CIE, DU. New Delhi, | Chair |
| 2. | Prof. Anil Kumar Shukla. VC. KMCL University. Lucknow, UP | Member |
| 3. | Dr. Shakila T Shamshu. former OSD. DONE. MoE. New Delhi | Member |
| 4. | Prof Padma Sarangpani, TISS. Maharashtra | Member |
| 5. | Prof. Ranjana Arora, NCERT, New Delhi | Member |
| 6. | Prof K Ramchandran (Rdt) NIEPA. New Delhi | Member |
| 7. | Dr. Vishwajit Saha, Director CBSE. New Delhi | Member |
| 8. | Dr. Robin Chetri, SCERT, Gangtok, Sikkim | Member |
| 9. | Ms. Ramya Vcnkatraman. CENTA, Bangalore, Karnataka | Member |
| 10. | Shri. D K Chaturvedi, Under Secretary. NCTE. New Delhi | Convener |
| 11. | Dr. Parul. Senior Academic Consultant, NCTE, New Delhi | Co-convener |

2. Terms of Reference: -

i. Formulation of pragmatic aspects of the policy of NEP on NPST and Cross linking.

ii. Evolving guideline for the establishment of National Centre for Teachers Quality (NCTQ) under NPST at NCTE lig.. New Delhi.

iii. Structured plan of Action on Implementation of NPST and State grading formula.

iv. Review of data of digital consultations institutional consultation on NPST and developing strategy for National/ State level consultation for preparing this national document.

v. There are many countries which have the mechanism of National Professional Standards for Teachers (NPST). Mapping of NPST of these and some other countries and Development& Design of a draft framework on NPST.

vi. Extensive review of the inputs collected during the consultation period across the country will be done by the expert committee.

Cont. Pg 2/-

vii. The committee will then undertake a review of the areas of the teacher activities requiring common/current competency level of teachers. The committee will finally formulate the draft going through the several revisions before the NPST Draft is released for public review. Comments by the reviewers from amongst the stakeholders will then be used to prepare a final draft for notification.

viii. Preparation of a Self-Development Guide/Assessment Tools on NPST will also be designed for successful implementation of NPST. This will also include the teacher's professional role and responsibility in terms of quality because of the teacher's growing role beyond the classroom, achievement of standards as well underlying teachers's participation in decision to the education matter at the school/district/sale/national level.


ix. Ensuing Completion of all tasks within 3 months, so as to implement NPST from Academic Session 2022-23.

x. Any other point found relevant to NPST implemention as per the directive of NEP 2020.

xi. To hold discussion/meeting with other stakeholders whenever necessary. The Committee may consult/co-opt teachers / Principals/ Experts as when required.

xii. TA/DA/Sitting fees shall be paid as per the NCTE Rules. The NCTE would provide the secretarial assistance as per requirement.

3. This has approval of the competent authority.



**(Kesang Y. Sherpa)**
**Member Secretary**

Copy to-

1) PS to CP for information please.

2) Deputy Secretary/Under Secretary, GA/Academic/Accounts/EDP, NCTE.

3) Copy to all concerned.

4) Guard file.

गुरुर्गुरुतमो धाम

NCTE

স্বত্বাধিকার

এই নথি এবং এখানে বিস্তারিত সমস্ত তথ্য রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ-এর বুদ্ধিবৃত্তিক সম্পত্তি এবং স্বত্বাধিকার দ্বারা সুরক্ষিত৷

সমস্ত অধিকার সংরক্ষিত৷

Language consultancy and translation facilitated by
**National Translation Mission**
Central Institute of Indian Languages, Mysore

गुरूर्गुरूतमो धाम
NCTE

## রাষ্ট্রীয় শিক্ষক শিক্ষা পরিষদ

(ভারত সরকারের একটি আইনগত সংস্থা)

**National Council for Teacher Education**
(A Statutory Body of Government of India)